# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০১তম বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ১২ মে, ২০১১ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এস আর হারুন, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) উইং কমান্ডার এস এম শামীমুল হক — উপস্থিত
প্রতিনিধি
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ মসিউর রহমান, এএমসি — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন — উপস্থিত
বাড়ী#১৮৬, লেন#২, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্মেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) শাহে এলিদ মাইনুল আমিন — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ শামসুল ইসলাম (অবঃ), জয়েন্ট সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শরেরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

চলমান পাতা-২

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ গত ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ মার্চ, ২০১১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা ঃ বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০১০-২০১১ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী **২,৩৭,০০,০০০.০০** টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া **৭৩,১১,৮৬৮.০০** টাকাসহ সর্বমোট দাবী **৩,১০,১১,৮৬৮.০০** টাকার মধ্যে ৩১ মার্চ, ২০১১ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে **৩,৭২,২৩,৫৫৫.০০** টাকা। যার মধ্যে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার গৃহকর বাবদ ৩৮,৫৫,১৬২.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ৬০,৬১,১২৯.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ১,৩৫,১৬,৭৫০.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ১,৪৮,১৪,৬৯৮.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকার গৃহকর বাবদ ৪,১৮,০১৪.০০ টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ১৬,৬২,৬৪৭.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ৮৯,১৫,৪০১.০০ টাকা আদায় করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ মার্চ, ২০১১ মাসের রাজস্ব আদায় সন্তোষজনক মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ মার্চ, ২০১১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মার্চ, ২০১১ মাসে বোর্ড ফান্ডে (রজনীগন্ধা টাওয়ার এর ইজারা বাবদ প্রাপ্ত অর্থসহ ও বিশেষ অনুদানসহ) ৩,৪৮,৭২,৯৪৪/২৮ টাকা রাজস্ব আয় হয়েছে এবং কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা, নৈমিত্তিক ব্যয়, সংস্কার-মেরামত ও প্রকল্প বাবদ ৫,৬৯,৮২,৫৯৭/- টাকা ব্যয় হয়েছে। ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, কচুক্ষেত পুরান বাজার এলাকা এবং ডিওএইচএসসমূহ হতে উক্ত মাসে ৩,০২,০২,৪৩৭/- টাকা আয় হয়েছে এবং বিভিন্ন প্রকল্প বাবদ ৩,৯৮,৫২,৩৯৫/- টাকা ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত ঃ মার্চ, ২০১১ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ মার্চ, ২০১১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে এবং মশক বিস্তার নিয়ন্ত্রণে রয়েছে। তবে সকাল সন্ধ্যা ব্রিডিং স্পটগুলোতে কীটনাশক স্প্রে জোরদার করতে হবে।

সিদ্ধান্ত ঃ মার্চ, ২০১১ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২৭/বি, রোড#৫ ক্যান্টনমেন্ট আ/এ ঢাকা সেনানিবাস। | জনাব এম আতিকুল্লাহ খান মাসুদ<br><br>১০/২/২০১১ | হেবা দলিলমূলে দানপত্র | - | প্লটের আয়তন- ৫২০০ বর্গফুট (৭.২২ কাঠা) বার্ষিক গৃহকর - ১৮,৮০০/- টাকা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ অননুমোদিত নির্মাণ- নেই |

চলমান পাতা-৩

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (২) | বাড়ী#৪০/এ, রোড#৮ ক্যান্টনমেন্ট আ/এ ঢাকা সেনানিবাস। | মেজর জেনাঃ আমসা আমিন (অবঃ) ৩, রাজবাসর, শহীদ সরণি, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। ১৮/৪/২০১১ | উত্তরাধিকারীদের নামে নামজারী করণ। | - | প্লটের আয়তন- ৫৪৪৫ বর্গফুট (৭.৫৬ কাঠা) নির্মাণাধীন |
| (৩) | বাড়ী#৭২, রোড#৬, ফ্ল্যাট#এ-৩ ক্যান্টনমেন্ট আ/এ ঢাকা সেনানিবাস। | জনাব শেখ হাসমত আলী বাড়ী#৭২, রোড#৬, ফ্ল্যাট#এ-৩ ক্যান্টনমেন্ট আ/এ ঢাকা সেনানিবাস। ০৫/৪/২০১১ | রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা দলিল মূলে | - | প্লটের আয়তন- ৫৪৪৫.০০ বর্গফুট (৭.৫৬ কাঠা) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ অননুমোদিত নির্মাণ- ১,২৬ ২২৫/- টাকা পরিশোধ করা হয়েছে। |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার নিম্নবর্ণিত বাড়ী/ফ্ল্যাটগুলো হেবা/দানপত্র/উত্তরাধিকারসূত্রে উত্তরাধিকারীদের নামে নামজারীর জন্য আবেদন করা হয়।

**বাড়ী#২৭/বি**

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২৭/বি নং প্লট ও প্লটে নির্মিত ৩ তলা বাড়ীর মালিক (১) মরহুম মতিয়া বেগম- স্বামী- মরহুম এম দবির উদ্দিন খাঁন, (২) উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খাঁন, (৩) এম শফিকুল্লাহ খাঁন, (৪) এম রফিকুল্লাহ খাঁন, (৫) মরহুম এম শহিদুল্লাহ খাঁন, সর্বপিতা- মরহুম এম দবির উদ্দিন খাঁন। মরহুম মতিয়া বেগম ওরফে ওরফে জসিম উন নেছা খাঁন মৃত্যুর পূর্বে তাঁর তিন কন্যা যথাক্রমে (১) সুরাইয়া কাদের (বিনা), স্বামী- এস এম এ কাদের, (২) রওশন আরা আলম (রিনা আলম), স্বামী- আশরাফুল আলম, (৩) নিলুফার খান (নিলু), স্বামী- লেঃ কর্ণেল (অবঃ) মুহাম্মদ ফারুক খান এর অনুকূলে নোটারীকৃত হেবা দলিল এর মাধ্যমে তাঁর অংশ দান করেন। অপরদিকে মরহুম এম শহীদুল্লাহ খাঁন মৃত্যুর পূর্বে তাঁর অংশ নোটারীকৃত হেবা দলিল এর মাধ্যমে (১) উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খাঁন, (২) এম শফিকুল্লাহ খাঁন এবং (৩) এম রফিকুল্লাহ খাঁন, সর্বপিতা- মরহুম এম দবির উদ্দিন খাঁন-কে দান করেন। এ প্রসংগে জনাব এম আতিকুল্লাহ খান মাসুদ গত ১০ ফেব্রুয়ারি, ২০১১ তারিখে হেবা দলিল মোতাবেক দাতাগণের অংশ ভাই ও বোনদের নামে নামজারীর আবেদন করেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটটির বাৎসরিক গৃহকর ১৮,৮০০/- টাকা নির্ধারণ করা হয়েছে যা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। এ প্রসংগে অত্র দপ্তরের আইন উপদেষ্টার আইনগত মতামত গ্রহণ করা হয়েছে।

**বাড়ী#৪০/এ**

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪০/এ নং প্লট ও প্লটে নির্মাণাধীন বাড়ীর মালিক আমিন উদ্দিন আহমেদ এর মৃত্যুজনিত কারণে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ী মরহুমের নিম্নবর্ণিত উত্তরাধিকারীগণের নামে নামজারীর জন্য মেজর জেনাঃ এ এম এস এ আমিন (অবঃ) গত ১৮ এপ্রিল, ২০১১ তারিখে আবেদন করেছেন ঃ-

| ক্রমিক নং | নাম | সম্পর্ক |
|---|---|---|
| (১) | বেগম সালেহা খাতুন | স্ত্রী |
| (২) | মেজর জেনাঃ এ এম এস এ আমিন (অবঃ) | পুত্র |
| (৩) | বেগম আক্তারুন নাহার | কন্যা |
| (৪) | মেজর জেনাঃ আহসান নাজমুল আমিন (অবঃ) | পুত্র |
| (৫) | ডাঃ ইসমত আরা হাকিম | কন্যা |
| (৬) | ইফফাত আরা ইসলাম | কন্যা |
| (৭) | আরিফ এম সালেহ আমিন | পুত্র |
| (৮) | উলফাত আরা ওয়াসিম | কন্যা |
| (৯) | আলবেলী আফিফা হক | কন্যা |
| (১০) | ডাঃ শিবলী সামায়ুন আমিন | পুত্র |
| (১১) | আতিয়া রিফাত আরা আমিন | কন্যা |

উল্লেখ্য যে, উক্ত প্লটে ভবন নির্মাণাধীন আছে।

**বাড়ী#৭২, রোড#৬, ফ্ল্যাট#এ-৩**

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৭২ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ১৪০০ বর্গফুট বিশিষ্ট ৪-বি নং ফ্ল্যাটটির মালিক জনাব শেখ হাসমত আলী তদীয় কন্যা জিনাত সুলতানা-কে বোর্ডের অনুমতি সাপেক্ষে রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে দান করেছেন এবং ০৫ এপ্রিল, ২০১১ তারিখে রেজিস্ট্রিকৃত দলিলসহ নামজারীর জন্য আবেদন করেছেন । এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত প্লটের অননুমোদিত নির্মাণ জরিমানা পরিশোধ করায় নিয়মিত করা হয়েছে এবং সংশ্লিষ্ট ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা যা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ আছে।

চলমান পাতা-৪

সিদ্ধান্ত ঃ (১) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২৭/বি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মরহুম মতিয়া বেগম, স্বামী- মরহুম এম দবির উদ্দিন খাঁন এর অংশ মরহুমার তিন কন্যা যথাক্রমে (১) সুরাইয়া কাদের (বিনা), স্বামী- এস এম এ কাদের, (২) রওশন আরা আলম (রিনা আলম), স্বামী- আশরাফুল আলম, (৩) নিলুফার খান (নিলু), স্বামী- লেঃ কর্ণেল (অবঃ) মুহাম্মদ ফারুক খান নামে এবং মরহুম এম শহীদুল্লাহ খাঁন এর অংশ মরহুমের অপর ০৩(তিন) ভাই (১) উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খাঁন, (২) এম শফিকুল্লাহ খাঁন এবং (৩) এম রফিকুল্লাহ খাঁন, সর্বপিতা- মরহুম এম দবির উদ্দিন খাঁন এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪০/এ নং প্লট ও প্লটে নির্মাণাধীন বাড়ীটি মরহুম আমিন উদ্দিন আহমেদ এর নিম্নবর্ণিত উত্তরাধিকারীদের নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | নাম | সম্পর্ক |
|---|---|---|
| (১) | বেগম সালেহা খাতুন | স্ত্রী |
| (২) | মেজর জেনাঃ এ এম এস এ আমিন (অবঃ) | পুত্র |
| (৩) | বেগম আক্তারুন নাহার | কন্যা |
| (৪) | মেজর জেনাঃ আহসান নাজমুল আমিন (অবঃ) | পুত্র |
| (৫) | ডাঃ ইসমত আরা হাকিম | কন্যা |
| (৬) | ইফফাত আরা ইসলাম | কন্যা |
| (৭) | আরিফ এম সালেহ আমিন | পুত্র |
| (৮) | উলফাত আরা ওয়াসিম | কন্যা |
| (৯) | আলবেলী আফিফা হক | কন্যা |
| (১০) | ডাঃ শিবলী সামায়ুন আমিন | পুত্র |
| (১১) | আতিয়া রিফাত আরা আমিন | কন্যা |

(৩) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৭২ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ১৪০০ বর্গফুট বিশিষ্ট ৪-বি নং ফ্ল্যাটটি জিনাত সুলতানা এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এ/৩৬ দোকানটি ২ সাটারকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের এ/৩৬ নং দোকানটি ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৩/৩/১৯৮৮ তারিখের ৬১৯/৪/এ/২২ নং পত্রের মাধ্যমে সামরিক কোটায় সিপাহী (অবঃ) আব্দুল মান্নান এর নামে বরাদ্দ দেয়া হয়। উল্লেখিত দোকানটি স্বাধীনতা সরণির দক্ষিণ পার্শ্বে ডিজিএফআই অফিস সংলগ্ন স্থানে ছিল। উক্ত জায়গাতে ডিজিএফআই এর গাড়ী পার্কিং স্থান করার দরুন উক্ত স্থানের ৩০ টি দোকান বর্তমান হার্ডস্ট্যান্ডের পূর্ব পার্শ্বে স্থানান্তর করা হয়েছে। আবেদনকারী একজন মুক্তিযোদ্ধা এবং বর্তমানে অন্ধ। তাঁর দোকানটি গলির শেষ মাথায় ০১ শাটার বিশিষ্ট দোকান হওয়ায় তিনি উক্ত দোকানে আরেকটি শাটার খোলার জন্য ৪/১০/২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন উল্লেখ্য যে, ইতোপূর্বে উক্ত দোকানটি ০২ (দুই) শাটার বিশিষ্ট ছিল।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এ/৩৬ নং দোকানে আবেদন মোতাবেক শাটার স্থাপন করার অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার রোড নং-১ হতে ১১ পর্যন্ত সিকিউরিটি গার্ডদের চাঁদা আদায়করণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার নিরাপত্তা প্রহরীদের চাঁদা ২৭/১২/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৮ বিবিধ(১০) নং সিদ্ধান্ত মোতাবেক ফ্ল্যাট/বাড়ীর মালিকের নিকট হতে ট্রাষ্ট সিকিউরিটি এন্ড লজিষ্ট্রিক কোম্পানী কর্তৃক আদায় করা হয়। ৬০ জন ফ্ল্যাট মালিক চাঁদা পরিশোধ না করায় ট্রাষ্ট সিকিউরিটি এন্ড লজিষ্ট্রিক কোম্পানী ০৫/৪/২০১১ তারিখের ২১৪০২/এমডব্লিউ/ট্রাষ্ট নং পত্রে লগ এরিয়া, ষ্টেশন সদর দপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করে। ষ্টেশন সদর দপ্তর তদীয় ১০/৪/২০১১ তারিখের ৬০৪/২/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিষয়টি বোর্ড সভায় আলোচনার জন্য উপস্থাপন করার পরামর্শ প্রদান করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনায় যে সকল বাড়ী/ফ্ল্যাট মালিক নিরাপত্তা প্রহরীদের চাঁদা পরিশোধ করছেন না/করেননি তাঁদের নাগরিক সুবিধা সীমিত করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার যে সকল ফ্ল্যাট/বাড়ীর মালিকের নিরাপত্তা প্রহরীদের চাঁদা বকেয়া রয়েছে তাঁদের তালিকা স্টেশন সদর দপ্তরে প্রেরণ করা হোক। স্টেশন সদর দপ্তর কর্তৃক সংশ্লিষ্টদের গাড়ীর স্টীকার প্রত্যাহার করা, সেনাকুঞ্জে বুকিং সুবিধা প্রদান না করা এবং ডিস কানেকশন বিচ্ছিন্ন করার কার্যক্রম গ্রহণ করা হবে।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-৮ঃ সদর মহাখালী এলাকার ৩৮ নং বাড়ী প্রসংগে।

আলোচনা ঃ মহাখালী ডিওএইচএস এলাকাস্থিত ১০০০ বর্গগজ (১১.৫০ কাঠা) বিশিষ্ট ৩৮ নং প্লটটি ২৫ জুলাই, ১৯৬৯ তারিখে ১০৬৯৪ নং দলিলে ৯৯ বছরের জন্য জনৈক আবুল কালাম এর নিকট ইজারা প্রদান করা হয়। ১৭ জুন, ১৯৭০ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড হতে নকশা অনুমোদন করে তিনি উক্ত প্লটে ২ তলা বাড়ী নির্মাণ করেন। ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের পর তার কোন খোঁজ না থাকায় ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির ১৬ নং আদেশ বলে উক্ত বাড়ীটি পরিত্যক্ত সম্পত্তি হিসাবে ঘোষণা করা হয়। উক্ত ৩৮ নং বাড়ীটি পরিত্যক্ত সম্পত্তি হিসাবে বাংলাদেশ নৌ বাহিনীর দখলে আছে এবং নৌ বাহিনীর কর্মচারীগণ দীর্ঘ দিন যাবৎ সেখানে বসবাস করছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পূর্ত মন্ত্রণালয় কর্তৃক ২৮ এপ্রিল, ১৯৮৬ তারিখে এক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে উক্ত বাড়ীটি পরিত্যক্ত সম্পত্তির তালিকাভুক্ত করা হয়।

জনৈক মাকসুদ আলম ৩৮ নং বাড়ীটি তার বেনামী সম্পত্তি দাবী করে ঢাকার ১ম সাবজজ আদালতে ০২ মার্চ, ১৯৭৮ তারিখে ১১০/৭৮ নং দেওয়ানী মামলা দায়ের করেন। কিন্তু মামলায় ক্যান্টনমেন্ট বোর্ডকে কোন সমন না দিয়ে তিনি একতরফা ডিক্রী হাসিল করেন। উক্ত রায় বাতিলের জন্য বোর্ড কর্তৃক ঢাকার ২য় সাবজজ আদালতে ২৭/৮৮ নং দেওয়ানী মামলা রুজু করা হলে ০৩ এপ্রিল, ১৯৯৩ তারিখে আদালত কর্তৃক বোর্ডের আরজি খারিজ করে দেয়া হয়। উক্ত খারিজ আদেশের বিরুদ্ধে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১০৮/৯৩ নং আপীল মামলা দায়ের করা হয়। ২৫ জুলাই, ২০০০ তারিখে হাইকোর্ট কর্তৃক ২৭/৮৮ নং মামলার রায় খারিজ করতঃ আপিল মঞ্জুর করা হয়।

জনাব মাকসুদ আলমের ১৯ জুন, ১৯৯৩ তারিখের এক আবেদনে দেখা যায় তিনি ৩০ মে, ১৯৯৩ তারিখে ৬৫৩০ নং দলিলে উক্ত বাড়ীটি জনৈক বেগম জাকিয়া সুলতানার নিকট বিক্রি করেছেন। উক্ত জাকিয়া সুলাতানা হাইকোর্ট বিভাগের ১০৮/৯৩ নং মামলার রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ৯২৪/২০০০ নং মামলা করেন। সুপ্রীম কোর্টের আপীল বিভাগ শুনানী অন্তে ০৯ এপ্রিল, ২০০১ তারিখে মামলাটি ডিসমিস করে দেন।

বেগম জাকিয়া সুলতানার নিযুক্তীয় আম-মোক্তার আঃ রউফ খান বাড়ীটির দখল পাওয়ার জন্য ঢাকার ২য় সহকারী জজ আদালতে ১৩৮/২০০২ হতে ১৪৯/২০০২ পর্যন্ত ১২টি দেওয়ানী মামলা দায়ের করেন। উল্লেখ্য উক্ত মামলায় ক্যান্টনমেন্ট বোর্ডকে বিবাদী হিসাবে পক্ষভুক্ত করার আবেদন করা হয়েছে এবং ইতোমধ্যে ১৩৮ হতে ১৪৮ নং মামলা নিস্পত্তি হয়েছে। ২৭/৮৮ নং দেওয়ানী মামলার রায়ের বিরুদ্ধে জনৈক আঃ রউফ খান জেলা জজ আদালতে ৫৭০/২০০২ নং আপীল মামলা দায়ের করেন এবং উক্ত মামলায় ক্যান্টনমেন্ট বোর্ডের বিরুদ্ধে রায় হয়। উল্লেখিত রায়ের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১২০/০৬ নং সিভিল রিভিশন মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট নিম্নোক্ত সিদ্ধান্ত জারী করেছেন ঃ

> "Pending hearing of the rule, let the operation of the impugned judgment and decree dated 14/11/05 passed by the district judge 1st court, Dhaka in title appeal no. 570 of 2002 stayed till disposal of the rule."

১২/৪/২০১০ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৯তম সভায় আলোচ্য বাড়ীটি প্রসংগে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ-

*"মহাখালী ডিওএইচএস এর ৩৮ নং বাড়ীটি পরিত্যক্ত সম্পত্তি বিধায় উক্ত বাড়ীটি পরিত্যক্ত সম্পত্তি পরিচালনা কমিটির নিয়ন্ত্রনে নেওয়ার নিমিত্তে ক্যান্টনমেন্ট বোর্ড ঢাকার অনুকূলে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত বাড়ী সংক্রান্ত আদালতে বিচারাধীন মামলার সরকারী স্বার্থ সংরক্ষণকল্পে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সম্ভাব্য সকল প্রচেষ্টা গ্রহণ করবে।"*

বিষয়টি ১৫/৪/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*"মহাখালী সদর এলাকার ৩৮ নং পরিত্যক্ত বাড়ীটি বাংলাদেশ নৌ-বাহিনীর নিকট হতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের দখলে আনার সিদ্ধান্ত গৃহীত হলো।"*

সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৩/৬/২০১০ তারিখের ২/এমএলএন্ডসি/জেনাঃ/৮৭-এ-১৮/শা-৩/১৩১ নং পত্রে বাড়ীটি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৯তম সভার সিদ্ধান্তক্রমে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৯/৫/২০১০ তারিখের ঢাক্যাবো/প্লটনং-৪৯৫/মহাখালী ডিওএইচএস/২০৭ নং পত্র ও ১৩/৬/২০১০ তারিখের ঢাক্যাবো/ডিওএইচএস/মহাখালী/৩৮/২১০ নং পত্রে উক্ত বাড়ীটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তর করার জন্য নৌ-বাহিনী কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু নৌ-বাহিনী কর্তৃপক্ষ কর্তৃক অদ্যাবধি উক্ত বাড়ীটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তর করা হয়নি।

চলমান পাতা-৬

অধিকন্তু নৌ-বাহিনী সদর দপ্তর, অপারেশন শাখা, পূর্ত পরিদপ্তর, বনানী, ঢাকা-১২১৩ এর ১৪/৯/২০১০ তারিখের পূর্ত/৭/বাড়ী নং-৩৮/খন্ড-১/৮৮৪ নং পত্রে অত্র দপ্তরকে জানানো হয় যে, বাড়ীটিতে ইতোপূর্বে বসবাসরত ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ কর্তৃক বাড়ীটি খালী করা হয়েছে। বর্তমানে বাড়ীটির দেখভাল ও নিরাপত্তার জন্য নৌবাহিনীর সেন্ট্রি মোতায়েন করা হয়েছে। বাড়ীটি দীর্ঘদিন যাবৎ নৌবাহিনীর তত্ত্বাবধানে আছে এবং রক্ষণাবেক্ষণ ও বর্তমানে চলমান মামলা খরচ নৌবাহিনী কর্তৃক নির্বাহ করা হচ্ছে।

উল্লেখ্য যে, উক্ত বিষয়ে ৩/২/২০১১ তারিখে অনুষ্ঠিত ডিওএইচএস কমিটির ৫০ তম সভার ১.১.১২ নং আলোচ্যসূচীতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ-

*"ডিওএইচএস পরিষদের স্থায়ী ভবন তৈরী পর্যন্ত অস্থায়ীভাবে সিএসডি এবং ডিওএইচএস ভবনের অফিস হিসেবে ব্যবহৃত হবে।"*

উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ০৬/৪/২০১১ তারিখের ঢাক্যাবো/ডিওএইচএস/মহাখালী/৩৮/২২০ নং পত্রে বাড়ীটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তর করার জন্য পুনরায় পত্র লেখা হয় কিন্তু নৌ-বাহিনী কর্তৃপক্ষ এখনও উক্ত বাড়ী ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্থান্তর করেননি। অধিকন্তু নৌ-বাহিনী সদর দপ্তর, অপারেশনস শাখা, পূর্ত পরিদপ্তর ১৭/৪/২০১১ তারিখের পূর্ত/৭/বাড়ী নং-৩৮/খন্ড-১/৩২১ নং পত্রে সিএসডি ও ডিওএইচএস কাউন্সিল অফিস করার পাশাপাশি উক্ত বাড়ীতে প্রস্তাবিত খুলনা শীপইর্য়াড এবং নারায়নগঞ্জ ডকইয়ার্ডের একটি লিয়াঁজো অফিসের বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ জানিয়েছেন।

সিদ্ধান্ত ঃ সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সভায় বিষয়টি উপস্থাপন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-৯ঃ মহাখালী ও মিরপুর ডিওএইচএস অফিস কাম-শপিং কমপ্লেক্স এর প্রতি বর্গফুট ইজারার সরকারী দর বৃদ্ধি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত পর্যালোচনায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মাণাধীন মহাখালী ও মিরপুর ডিওএইচএস এলাকার অফিস-কাম-শপিং কমপ্লেক্সের প্রতি বর্গফুট দোকান/স্পেস ইজারার দর বর্তমান বাজার দরের চেয়ে কম এবং নিম্নোক্তভাবে সংশোধন করার জন্য সভায় মত প্রকাশ করা হয় ঃ-

| ক্র/নং | তলা | প্রতি বর্গফুট বর্তমান দর | প্রতি বর্গফুট প্রস্তাবিত ন্যূনতম দর |
|---|---|---|---|
| ১। | ১ম তলা | ১৫,০০০/- টাকা | ১৭,০০০/- টাকা |
| ২। | ২য় তলা | ১৪,০০০/- টাকা | ১৬,০০০/- টাকা |
| ৩। | ৩য় তলা | ১৩,০০০/- টাকা | ১৫,০০০/- টাকা |
| ৪। | ৪র্থ তলা | ১২,০০০/- টাকা | ১৪,৫০০/- টাকা |
| ৫। | ৫ম তলা | ১২,০০০/- টাকা | ১৪,০০০/- টাকা |
| ৬। | ৬ষ্ঠ তলা হতে তর্দুদ্ধ | ১০,০০০/- টাকা | ১২,০০০/- টাকা |

সিদ্ধান্ত ঃ এখন হতে মহাখালী ও মিরপুর ডিওএইচএস অফিস কাম-শপিং কমপ্লেক্স এর প্রতি বর্গফুট ইজারার হার নিম্নবর্ণিত হারে বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং ইজারার সমুদয় অর্থ পরিশোধের পর দোকান/স্পেস বুঝিয়ে দেয়া হবে ঃ-

| ক্র/নং | তলা | প্রতি বর্গফুট ন্যূনতম দর |
|---|---|---|
| ১। | ১ম তলা | ১৭,০০০/- টাকা |
| ২। | ২য় তলা | ১৬,০০০/- টাকা |
| ৩। | ৩য় তলা | ১৫,০০০/- টাকা |
| ৪। | ৪র্থ তলা | ১৪,৫০০/- টাকা |
| ৫। | ৫ম তলা | ১৪,০০০/- টাকা |
| ৬। | ৬ষ্ঠ তলা হতে তর্দুদ্ধ | ১২,০০০/- টাকা |

আলোচ্যসূচী-১০ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় স্কাইলাইন ক্যাবল নেটওয়ার্ক-কে ক্যাবল টিভি সার্ভিস প্রদানের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, স্কাইলাইন ক্যাবল নেটওয়ার্ক কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদান করার অনুমতি চেয়ে ১৫ জুন, ২০০৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করে। উক্ত আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৬ আগষ্ট, ২০০৭ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/৫/৮০ নং পত্রের মাধ্যমে ডিওএইচএস পরিষদের মতামত এবং ১৪ ডিসেম্বর, ২০১০ তারিখের ঢাক্যাবো/টিআরসি/স্বাঃ ক্যাঃ নেঃ/৪৫ নং পত্রের মাধ্যমে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস পরিষদ ১৯ জুন, ২০০৮ তারিখে ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রে উক্ত ব্যবসা পরিচালনার জন্য অনাপত্তি ছাড়পত্র প্রদান করা হয় এবং সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, এফসিআইবি (ইন্টারনাল উইং) ঢাকা সেনানিবাস ২৮ ফেব্রুয়ারি, ২০১১ তারিখে ১৩০০/১২০/৬৫/ঘ নং পত্রে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করে।

সিদ্ধান্ত ঃ বোর্ডের অনুমোদিত নীতিমালা অনুসরণ সাপেক্ষে স্কাইলাইন ক্যাবল নেটওয়ার্ক-কে মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি (ডিশ টিভি) সার্ভিস প্রদান করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৭

আলোচ্যসূচী-১১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সব্জি হকারদের ২৬ এপ্রিল, ২০১১ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ, মাংস ও সব্জি বাজারের পূর্ব ও পশ্চিম পার্শ্বের বারান্দায় ৩২ জন হকার দীর্ঘ দিন যাবৎ ব্যবসা পরিচালনা করছে। কিন্তু তাদের নিকট হতে কোন টোল/রাজস্ব আদায় করা হয় না। উক্ত হকারগণ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক টোল/রাজস্ব আদায় করার জন্য ২৬/৪/২০১১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উল্লেখিত স্থানে ব্যবসা করার নিমিত্তে তাদের নামে কোন ভিটি/স্থান বরাদ্দ করা হয়নি।

সিদ্ধান্ত ঃ দরখাস্তে উল্লেখিত হকারগণের নিকট হতে দৈনিক ১০/- (দশ) টাকা হারে মাসিক ভিত্তিকে টোল আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা টাওয়ার এর দোকান/স্পেসসমূহের প্রতি বর্গফুট ইজারার সরকারী দর বৃদ্ধি ও কিস্তি সংখ্যা কমানো প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর মোট দোকান/ডাক্তার চেম্বার/স্পেসের সংখ্যা ১৫৪ টি। ইতোমধ্যে কয়েকধাপে ৮০ টি দোকান/ডাক্তার চেম্বার/স্পেস ইজারা প্রদান করা হয়েছে এবং বর্তমানে ৭৪ টি দোকান/ডাক্তার চেম্বার/স্পেস অবশিষ্ট রয়েছে। ইতোপূর্বে ইজারা প্রদত্ত দোকান/ডাক্তার চেম্বার/স্পেস সমূহের মোট টাকা ০৮ কিস্তিতে পরিশোধ করার শর্ত রয়েছে। প্রকাশ থাকে যে, রজনীগন্ধা টাওয়ারের বর্তমানে ১ম তলার ছাদ ঢালাইয়ের কাজ চলছে। বিস্তারিত পর্যালোচনায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মাণাধীন রজনীগন্ধা টাওয়ার এর প্রতি বর্গফুট দোকান/স্পেস ইজারার দর বর্তমান বাজার দরের চেয়ে কম এবং নিম্নোক্তভাবে সংশোধন করার জন্য সভায় মত প্রকাশ করা হয় ঃ-

| ক্র/নং | তলা | প্রতি বর্গফুট বর্তমান দর | প্রতি বর্গফুট প্রস্তাবিত ন্যূনতম দর |
|---|---|---|---|
| ১। | ১ম তলা | ১৫,০০০/- টাকা | ১৭,০০০/- টাকা |
| ২। | ২য় তলা | ১৪,০০০/- টাকা | ১৬,০০০/- টাকা |
| ৩। | ৩য় তলা | ১৩,০০০/- টাকা | ১৫,০০০/- টাকা |
| ৪। | ৪র্থ তলা | ১২,০০০/- টাকা | ১৪,৫০০/- টাকা |
| ৫। | ৫ম তলা | ১২,০০০/- টাকা | ১৪,০০০/- টাকা |
| ৬। | ৬ষ্ঠ তলা হতে তদূর্দ্ধ | ১০,০০০/- টাকা | ১২,০০০/- টাকা |

সিদ্ধান্ত ঃ এখন হতে রজনীগন্ধা টাওয়ার এর দোকান/স্পেসসমূহের প্রতি বর্গফুট ইজারার দর নিম্নোক্ত হারে বৃদ্ধিসহ আগামীতে উক্ত টাওয়ার এর যে সকল দোকান/স্পেস ইজারা প্রদান করা হবে তার অর্থ ৮ কিস্তির পরিবর্তে ৬ কিস্তিতে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র/নং | তলা | প্রতি বর্গফুট ন্যূনতম দর |
|---|---|---|
| ১। | ১ম তলা | ১৭,০০০/- টাকা |
| ২। | ২য় তলা | ১৬,০০০/- টাকা |
| ৩। | ৩য় তলা | ১৫,০০০/- টাকা |
| ৪। | ৪র্থ তলা | ১৪,৫০০/- টাকা |
| ৫। | ৫ম তলা | ১৪,০০০/- টাকা |
| ৬। | ৬ষ্ঠ তলা হতে তদূর্দ্ধ | ১২,০০০/- টাকা |

আলোচ্যসূচী-১৩ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম তলার ১৫ নং দোকানের স্থলে ৩৩ নং দোকানের দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, জনাব মোঃ আমিনুল ইসলাম গত ২৩/৮/২০১০ তারিখে মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্সের ১ম তলার ১২০.৯৬ বর্গফুট বিশিষ্ট ৩৩ নং দোকানের জন্য প্রতি বর্গফুট ১৭,৭৮১/- টাকা হিসাবে মোট ২১,৫০,৭৯০/- টাকার দর দাখিল করেন। ভুলবশতঃ দরপত্রের তুলনামূলক বিবৃতিতে ১ম তলার-৩৩ নং দোকানের স্থলে ১৫ নং দোকান লেখা হয়েছিল। জনাব মোঃ আমিনুল ইসলামের নামে ১৫ নং দোকানটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে অনুমোদন হয়েছে। প্রকৃতপক্ষে ২৩/৮/২০১০ তারিখের অনুষ্ঠিত ইজারা ডাকে ১ম তলার-১৫ নং দোকানের বিপরীতে কোন দরপত্র পাওয়া যায়নি। গত ১৬/৩/২০১১ তারিখে ডাঃ রহিমা খাতুন ১ম তলার ১২৬.৮০ বর্গফুট বিশিষ্ট ১৫ নং দোকানের জন্য প্রতি বর্গফুট ১৯,১০০/- টাকা হিসাবে মোট ২৪,২১,৮৮০/- টাকার দর দাখিল করেছেন। বিস্তারিত পর্যালোচনান্তে জনাব মোঃ আমিনুল ইসলাম কর্তৃক ১ম তলার ৩৩ নং দোকানের জন্য প্রদত্ত দর অনুমোদনের জন্য পুনরায় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্সের ১ম তলার ৩৩ নং দোকানের জন্য জনাব মোঃ আমিনুল ইসলাম কর্তৃক প্রদত্ত দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। ভবিষ্যতে এ ধরনের ভুলের যাতে পুনরাবৃত্তি না হয় সে বিষয়ে যত্নবান হওয়ার জন্যও পরামর্শ প্রদান করা হলো।

চলমান পাতা-৮

আলোচ্যসূচী-১৪ঃ ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ ও ১৪ এর ধারাবাহিকতায় ধারাবাহিকতায়
টাওয়ার ও মিরপুর ডিওএইচএস অফিস-কাম শপিং কমপ্লেক্স এর দোকান ইজারার নিমিত্তে প্রাপ্ত দর মূল্যায়ন কমিটির প্রতিবেদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এবং রজনীগন্ধা টাওয়ার এর দোকান, স্পেস ও ডাক্তার চেম্বার ইজারা প্রদানের নিমিত্তে প্রাপ্ত দরসমূহ যাচাই-বাছাই করার জন্য ১৫/৪/২০১০ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-৩২বিবিধ(৫)'ক' এর সিদ্ধান্তের মাধ্যমে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হয় ঃ-

(১) হেলাল উদ্দিন আহমেদ -- আহ্বায়ক
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।

(২) মোঃ আলম খান -- সদস্য
নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।

(৩) মোঃ মতিউর রহমান -- সদস্য
রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ।

মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এবং রজনীগন্ধা সুপার মার্কেটের শাপলা চত্বরের উত্তর পার্শ্বে নির্মাণাধীন "রজনীগন্ধা টাওয়ার' এ দোকান, স্পেস ও ডাক্তার চেম্বার বরাদ্দের জন্য দৈনিক প্রথম আলো ও দৈনিক ইত্তেফাক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৩/২/২০১১ এবং ১৬/৩/২০১১ তারিখে দরপত্র আহবান করা হয়। প্রাপ্ত দরসমূহ অনুমোদনের জন্য গত ৩১/৩/২০১১ তারিখে বোর্ডসভার আলোচ্যসূচী-৯ ও ১৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড বিস্তারিত পর্যালোচনান্তে সন্তোষজনক দরসমূহ অনুমোদন করে এবং গত ১৫/৪/২০১০ তারিখে বোর্ডসভার আলোচ্যসূচী-৩২বিবিধ(৫)'ক' এর সিদ্ধান্তের আলোকে গঠিত ইভালুয়েশন কমিটিকে তলা ভিত্তিক নিম্নেবর্ণিত দোকান, স্পেস ও ডাক্তার চেম্বারসমূহের প্রদত্ত দর যাচাই-বাছাই করে আগামী বোর্ডসভায় প্রতিবেদন দাখিল করার জন্য সিদ্ধান্ত প্রদান করে। সে মোতাবেক উপরোক্ত কমিটি পর্যালোচনা করে নিম্নবর্ণিত মতামত দাখিল করেনঃ-

## রজনীগন্ধা টাওয়ার দোকান

তারিখঃ- ২৩/২/২০১১ ইং

| ক্র/ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমদ খান বিএন(অবঃ) | ২য় তলা-০৮ | ১৪৪.৭৯ | ১৪০০০/- | ১৪ ২০০/- | ১৭,২৮,৯৯২/- | ০১ টি |
| ২। | মিসেস লুৎফুন্নাহার চৌধুরী | ৩য় তলা-১৫ | ১৩৬.৬৫ | ১৩০০০/- | ১৩৭[illegible]১/৭৯ | ১৮,৭৬,৪৫০/- | ০১ টি |

## রজনীগন্ধা টাওয়ার এ ডাক্তার চেম্বার/স্পেস

**৫ম তলা (ফোর্থ ফ্লোর) ঃ**

তারিখঃ- ১৬/৩/২০১১ ইং

| ক্র/ নং | দর দাতার নাম ও ঠিকানা | ডাক্তার চেম্বার/ ডেন্টাল | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | ক্যাপ্টেন ডাঃ মোহাম্মদ খায়রুল আলম | চেম্বার নং-০৫ | ১২০.০০ | ১২০০০/- | ১৩০৫০/- | ১৬,০২,০০০/- | ০১ টি |
| ২। | কর্নেল (ডাঃ) অবঃ এস এম মিজানুর রহমান | চেম্বার নং-১১ | ১১০.০০ | ১২০০০/- | ১২৫০০/- | ১৩,৭৫,৫৫০/- | ০১ টি |
| ৩। | ডাঃ হাছিনা মমতাজ | চেম্বার নং-১৪ | ১০৬.৬০ | ১২০০০/- | ১২২০১/- | ১৩,০০,৬২৬/৬০ | ০১ টি |
| ৪। | ডাঃ হারুন-অর- রশিদ | ল্যাবরেটরী -২ | ৩৬১.৬২ | ১২০০০/- | ১৩১০০/- | ৪৭,৩৭,২২২/- | ০১ টি |
| ৫। | ডাঃ হারুন-অর- রশিদ | ডেন্টাল চম্বার-০১ | ৩১৫.৮৮ | ১২০০০/- | ১২৫০০/- | ৩৯,৪৮,৫০০/- | ০১ টি |

চলমান পাতা-৯

## ৬ষ্ঠ তলা (ফিফথ ফ্লোর) ঃ

| ক্র/ নং | দর দাতার নাম ও ঠিকানা | ডাক্তার চেম্বার/ অফিস স্পেস | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | কর্নেল ডাঃ এ কে গোলাম মোস্তফা | চেম্বার নং - ০৩ | ১১৭.৫০ | ১০০০০/- | ১১৯০০/- | ১৪,১৬,১০০/- | ০১ টি |
| ২। | মোঃ আনোয়ারুল হক | অফিস স্পেস-১ | ১৮০৭.০০ | ১০০০০/- | ১০০৫০/- | ১৮,১৬,০৩৫০/- | ০১ টি |
| ৩। | মোঃ আনোয়ারুল হক | অফিস স্পেস-২ | ১৩৮৬.০০ | ১০০০০/- | ১১১০১/০১ | ১,৪০,০০,০০০/- | ০১ টি |

## মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্স দোকান/অফিস স্পেস

### ২য় তলা (ফাস্ট ফ্লোর)-ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | রুবাইয়াৎ কামাল | ২য় তলা-১৫ | ১২৮.৫০ | ১৪০০০/- | ১৪[illegible]০০/- | ১৮,৩৭,৫৫০/- | ০১ টি |
| ২। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আজিজুল হক অবঃ | ২য় তলা-২৫ | ২০৯.৬৭ | ১৪০০০/- | ১৪[illegible]০০/- | ৩০,৪০,২১৫/- | ০১ টি |
| ৩। | মোঃ আলী আশ্রাফ | ২য় তলা-৩১ | ৯০২.৭৬ | ১৪০০০/- | ১৪[illegible]৫০/- | ১,৩৪,০৫,৯৮৬/- | ০১ টি |

### ৩য় তলা (সেকেন্ড ফ্লোর)-ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | মোঃ আমিনুল হক | ৩য় তলা-১৩ | ২০১.২৬ | ১৩০০০/- | ১৩৫৯৯/৯৯ | ২৭,৩৭,১৩৪/- | ০১ টি |
| ২। | কমাঃ এম আই এ মজুমদার (জি), বিএন, এলপিআর | ৩য় তলা-১৬ | ১২৮.৫০ | ১৩০০০/- | ১৩৫৩৩/- | ১৭,৩৮,৯৯০/-৫০ | ০১ টি |
| ৩। | মেজর মনিরুজ্জামান চৌধূরী (অবঃ) | ৩য় তলা-১৭ | ১২৮.৫০ | ১৩০০০/- | ১৩৫৩৩/- | ১৩,৩৮,৯৯০/৫০ | ০১ টি |

### ৪র্থ তলা (থার্ড ফ্লোর)-ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | মোঃ জাকির হোসেন | ৪র্থ তলা-১৯ | ১১০.২০ | ১২৫০০/- | ১২৭০৫/০৮ | ১৪,০০,১০০/- | ০১ টি |

### ৫ম তলা (ফোর্থ ফ্লোর)-ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | লেঃ কর্ণেল এস এম মকবুল আহমেদ (অবঃ) | ৫ম তলা-১৬ | ১২৮.৫০ | ১২০০০/- | ১[illegible]১০১/- | ১৫,৫৪,৯৭৮/৫০ | ০১ টি |
| ২। | এ এস এম মামুন উর রহমান | ৫ম তলা-২৭ | ১৬৭.১৮ | ১২০০০/- | ১[illegible]৯৯১/- | ২১,৭১,৮৩৫/৩৮ | ০১ টি |
| ৩। | আব্দুল গফুর মিয়া | ৫ম তলা-২৯ | ১০৩.৩৮ | ১২০০০/- | ১৩০৫৮/৬২ | ১৩,৫০,০০০/০০ | ০১ টি |

চলমান পাতা-১০

**৬ষ্ঠ তলা (ফিফ্‌থ ফ্লোর)-ঃ**

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | কাজী সাহনাজ হোসেন | ৬ষ্ঠ তলা-১৯ | ১১০.২০ | ১০০০০/- | ১০৫৩০/- | ১১,৬০,৪০৬/- | ০২ টি |

মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স ও রজনীগন্ধা টাওয়ার এর তলাভিত্তিক উপরোক্ত দোকান, স্পেস ও ডাক্তার চেম্বার সমূহের প্রদত্ত একক দরসমূহ গঠিত কমিটি কর্তৃক যাচাই/বাছাই ও পর্যালোচনা করা হয়। পর্যালোচনা কালে দেখা যায়, সংশ্লিষ্ট দোকান/স্পেসসমূহের প্রদত্ত একক দর তলাভিত্তিক অন্যান্য স্পেস/দোকানের তুলনায় কম বিধায় পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সুপারিশ করছে। বিস্তারিত পর্যালোচনান্তে সরকারী দরের চেয়ে দাখিলকৃত একক দরগুলো অন্যান্য দোকান/স্পেসসমূহের তুলনায় অনেক কম বিধায় অনুমোদন না করে ইজারার জন্য পুনঃ দরপত্র আহ্বান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত দরসমূহ অনুমোদন করা হলো না। উক্ত দোকানগুলো ইজারা প্রদানের নিমিত্তে পুনরায় বহুল প্রচারিত দৈনিক পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো

আলোচ্যসূচী-১৫ঃ ২৯ জুলাই, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় ৬টি দোকানের ভাড়া ও মেয়াদ বৃদ্ধি প্রসংগে গঠিত কমিটির প্রতিবেদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস্থ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল (সাবেক শহীদ সাত্তার মার্কেট) এর নীচতলায় ০১ হতে ০৬ পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদী ০৬ (ছয়) টি দোকানের ভাড়ার মেয়াদ ৩০/৬/২০১০ তারিখে উত্তীর্ণ হয়েছে। দোকানগুলো ০১ (এক) বৎসর মেয়াদী ভাড়া দেয়া হলেও দীর্ঘদিন যাবৎ পুনঃ ভাড়াক্রমে একই মালিকানায় চলে আসছে। উল্লেখিত দোকান গুলো হতে সন্তোষজনক রাজস্ব প্রাপ্তির লক্ষ্যে গত ২৯/৭/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪ এর মাধ্যমে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহ্বায়ক |
| ২। | প্রতিনিধি<br>স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| ৩। | স্টেশন হেলথ অফিসার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| ৪। | জনাব মোঃ মতিউর রহমান<br>রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন এবং বিভিন্ন বিষয়াদি যাচাই করে নিম্নরূপ মতামত ও সুপারিশ পেশ করা হয়েছে ঃ-

**কমিটির মতামত ঃ -**

১। সরেজমিন পরিদর্শন করে দেখা গেছে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ০৪ (চার) তলা বিশিষ্ট সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় উক্ত ০৬ (ছয়) টি দোকান বিদ্যমান। দোকানগুলির অবস্থান অত্যন্ত ভাল। ব্যবসায়িক দিক থেকেও উল্লেখিত দোকানগুলো সুবিধাজনক অবস্থানে অবস্থিত বলে কমিটি মত পোষণ করে।

২। সেনানিবাসের অভ্যন্তরে অত্যন্ত মনোরম পরিবেশে দীর্ঘদিন যাবৎ অস্থায়ী ভিত্তিতে ভাড়াটিয়াগণ বিনা সালামীতে ব্যবসা করছেন। ক্যান্টনমেন্ট বোর্ডের অনান্য মার্কেটে অবস্থিত অনুরূপ দোকানের ক্ষেত্রে সালামী/জামানত ধার্য করা হয়ে থাকে। সালামী/জামানত নির্ধারণ না করায় ক্যান্টনমেন্ট বোর্ড উক্ত দোকানগুলো হতে সালামী/জামানত আয় হতে বঞ্চিত হচ্ছে বলে কমিটি মত পোষণ করে।

৩। উক্ত দোকানগুলোকে ০১ (এক) বৎসরের পরিবর্তে ১৯৫৭ সনের ক্যান্টনমেন্ট প্রপার্টি রুলস এর ৯ (২) ধারা মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষমতাবলে ০৫ (পাঁচ) বৎসরের জন্য ইজারা/ভাড়া প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে বলে কমিটি মত পোষণ করে।

৪। সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় অবস্থিত পাকা দোকানগুলোর মাসিক প্রতি বর্গফুটের ভাড়া ১৮/- টাকার স্থলে ৩০/- টাকা ধার্য করা যেতে পারে বলে কমিটি মত পোষণ করে।

চলমান পাতা-১১

**কমিটির সুপারিশ ঃ -**

১। সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের উল্লেখিত ০৬ (ছয়) টি দোকানের ভাড়ার মেয়াদকাল ০১ (এক) বৎসরের স্থলে ০৫ (পাঁচ) বৎসর করার সুপারিশ করা হলো ।

২। ভাড়াকৃত প্রতিটি দোকানের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে ০৫ (পাঁচ) বৎসরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এককালীন ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে মর্মে সুপারিশ করা হলো ।

৩। প্রতিটি দোকানের ভাড়া প্রতি বর্গফুট মাসিক ৩০/- টাকা ধার্য করার সুপারিশ করা হলো । প্রতি বৎসর উক্ত ভাড়া ১০% হারে বর্ধিত করারও সুপারিশ করা হলো।

৪। উক্ত দোকান কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য নহে।

৫। জীবন রক্ষাকারী প্রয়োজনীয় ঔষধ সার্বক্ষনিক ভাবে দোকানে সংরক্ষণ করতে হবে। উক্ত ঔষধের গুণগত মান সঠিক রাখার জন্য ফ্রীজে সংরক্ষণ করতে হবে। মেয়াদ উত্তীর্ণ বা নেশা জাতীয় ঔষধ দোকানে রাখা যাবে না। অন্যান্য দোকানের ক্ষেত্রেও তাদের পণ্যসমূহের মান বজায় রাখতে হবে।

৬। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কোন অবস্থাতেই ব্যবসার ধরন পরিবর্তন করা যাবে না ।

সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় ছয়টি দোকানের ভাড়া ও মেয়াদ বৃদ্ধিসহ অন্যান্য বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের উল্লেখিত ০৬ (ছয়) টি দোকানের ভাড়ার মেয়াদকাল ০৫ (পাঁচ) বৎসর করা হলো।

(২) প্রতিটি দোকানের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে ০৫ (পাঁচ) বৎসরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এককালীন ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে।

(৩) প্রতিটি দোকানের ভাড়া প্রতি বর্গফুট মাসিক ৩০/- টাকা ধার্য করা হলো । প্রতি বৎসর উক্ত ভাড়া ১০% হারে বর্ধিত করা হবে।

(৪) দোকান কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য নহে।

(৫) জীবন রক্ষাকারী প্রয়োজনীয় ঔষধ সার্বক্ষণিক ভাবে দোকানে সংরক্ষণ করতে হবে। উক্ত ঔষধের গুণগত মান সঠিক রাখার জন্য ফ্রীজে সংরক্ষণ করতে হবে। মেয়াদ উত্তীর্ণ বা নেশা জাতীয় ঔষধ দোকানে রাখা যাবে না। অন্যান্য দোকানের ক্ষেত্রেও তাদের পণ্যসমূহের মান বজায় রাখতে হবে।

(৬) কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কোন অবস্থাতেই ব্যবসার ধরন পরিবর্তন করা যাবে না ।

আলোচ্যসূচী-১৬ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের নীতিমালা প্রণয়ন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার পরিচালনা, রক্ষণাবেক্ষণ, আয়-ব্যয় ইত্যাদি বিষয়ে বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রণীত নীতিমালাটি ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক পর্যালোচনা ও বোর্ডের বিবেচনার জন্য আগামী বোর্ডসভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক প্রণীত কনভেনশন সেন্টার সংক্রান্ত নীতিমালাটি ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করা হোক। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বিস্তারিত পর্যালোচনা করে বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ বাংলাদেশ পাবলিসিটি কর্তৃক শহীদ জাহাঙ্গীর গেইটের উভয় পার্শ্বে স্থাপিত বিজ্ঞাপনবোর্ড/সাইনবোর্ড ও অত্যাধুনিক ফোয়ারা স্থাপনের মেয়াদ নবায়ন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, বাংলাদেশ পাবলিসিটি কর্তৃক বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইটের দক্ষিণ ও পূর্ব পার্শ্বের কর্ণারে খালি স্থানে স্পন্সরশীপের মাধ্যমে অত্যাধুনিক ফোয়ারা তৈরীর অনুমতি চেয়ে ৩/১২/২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করে। উক্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত স্থানে ২০×১০ সাইজের ০২ টি বিজ্ঞাপন বোর্ড এবং অত্যাধুনিক পানির ঝর্ণা নির্মাণের নিমিত্তে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০৬/১/২০১০ তারিখে মিনিটশীট অনুমোদন করা হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১১ জানুয়ারি, ২০১০ তারিখের ঢাক্যাবো/টিআরসি/বাঃপাঃ/১/৫ নং পত্রে নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ০২ টি বিজ্ঞাপন বোর্ড এবং ০১ টি দৃষ্টি নন্দন পানির ঝর্ণা ০১ বছর মেয়াদে স্থাপনের অনুমতি প্রদান করা হয়। যার মেয়াদ ৩১ জানুয়ারি, ২০১১ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী জনাব মিজানুর রহমান ২৫/১/২০১১ তারিখে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদে নবায়নের জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বাংলাদেশ পাবলিসিটি কর্তৃক শহীদ জাহাঙ্গীর গেইটের উভয় পার্শ্বে স্থাপিত বিজ্ঞাপনবোর্ড/সাইনবোর্ড ও ফোয়ারা স্থাপনের মেয়াদ নবায়ন করা হলো না এবং অবিলম্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত স্থাপনা অপসারণ করার জন্য নোটিশ প্রদান করা হোক।

**চলমান পাতা-১২**

আলোচ্যসূচী-১৮ঃ ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৩ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের বি-২৯ নং দোকানের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দাখিল প্রসংগে

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের বিষয়ে গত ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৩ এর সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ০৪ এপ্রিল, ২০১১ তারিখে ঢাক্যাবো/ রঃগঃসুঃমাঃ/ বি/২৯/১৮০ নং পত্রের মাধ্যমে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হয় ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | হেলাল উদ্দিন আহমেদ<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড । | -- | আহ্বায়ক |
| (২) | মোঃ আলম খান<br>নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড । | -- | সদস্য |
| (৩) | মোঃ মতিউর রহমান<br>রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড । | -- | সদস্য |

১। **কমিটি কর্তৃক উদঘাটিত তথ্যাবলী ঃ**

রেকর্ড পর্যালোচনায় দেখা যায়, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত বি/২৯ নং দোকানটি ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিনের নামে ষ্টেশন সদর দপ্তরের ২৭/৬/১৯৮৯ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের মাধ্যমে সামরিক কোটায় বরাদ্দ করা হয়। অতপর ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন, ষ্টেশন কমান্ডার, ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে সম্বোধন করে ১৬/১১/১৯৯১ তারিখে আবেদনে জানান যে, তিনি উক্ত দোকানটির মূল্য বাবদ জনাব সুলতান আলমের নিকট হতে নগদ ৮০,০০০/- হাজার টাকা গ্রহণ করেছেন এবং উক্ত দোকানের পজেশন হস্তান্তর/বিক্রির অনুমতি প্রদানের জন্য আবেদন করেন। পরবর্তীতে বি/২৯ নং দোকানের পজেশন মালিক হিসেবে জনাব মোঃ সুলতান আলমের নামে অত্র দপ্তরে নামজারি করার জন্য ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন গত ২৫/১১/১৯৯১ তারিখে ষ্টেশন সদর, ঢাকা সেনানিবাসে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৫/১১/১৯৯১ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের মাধ্যমে মোঃ সুলতান আলমের অনুকূলে নামজারির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়। ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন পুনরায় ১৩/১/২০০৪ তারিখের আবেদনের মাধ্যমে উক্ত বি/২৯ নং দোকানটি মেজর মোঃ হানিফের নিকট বিক্রি করার প্রয়োজনীয় অনুমতি প্রদানের জন্য অত্র দপ্তরে আবেদন করেন। একইসাথে ১৩/১/২০০৪ তারিখের মেজর মোঃ হানিফ উক্ত দোকানটি ক্রয় করার প্রয়োজনীয় অনুমতি প্রদানের জন্য অত্র দপ্তরে আবেদন করেন। কিন্তু নিয়ম বহির্ভূতভাবে ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন কর্তৃক জনাব সুলতান আলমের নিকট দোকানটির পজেশন বিক্রি করার পরও পুনরায় ১৩/১/২০০৪ তারিখে মেজর মোঃ হানিফ এর নিকট বিক্রির প্রস্তাব করা হলে ১৯/১/২০০৪ তারিখে সংশ্লিষ্টদেরকে শুনানীর জন্য নোট উপস্থাপন করা হয় এবং ১৫/২/২০০৪ তারিখে অত্র দপ্তরে পত্রের মাধ্যমে শুনানী দেয়ার জন্য অনুরোধ করা হয়। শুনানীর তারিখে উক্ত দোকানটি ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন কর্তৃক জনাব মোঃ সুলতান আলমের অনুকূলে গুলশান সাব রেজিষ্ট্রার অফিসের ৪/৫/১৯৯১ তারিখের অপরিবর্তনীয় ব্যাপক ক্ষমতা সম্পন্ন আম-মোক্তার নামা দলিল দেয়া হয়েছে মর্মে জনাব মোঃ সুলতান আলম জানান এবং সত্যায়িত কপি অত্র দপ্তরে দাখিল করেন। এছাড়াও ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন কর্তৃক ০২/৫/১৯৯১ তারিখের নোটারী পাবলিক আদালতে ২০ নং রেজিষ্ট্রিকৃত হলফনামার মাধ্যমে উক্ত দোকানটি জনাব মোঃ সুলতান আলম এর অনুকূলে বিক্রি/হস্তান্তর দলিল সম্পাদন করেন এবং জনাব সুলতান আলম ১৬/০২/০৪ তারিখে সংশ্লিষ্ট হলফনামার সত্যায়িত কপি অত্র দপ্তরে দাখিল করেন। ল্যাঃ নায়েক মোঃ মকর উদ্দিন কর্তৃক উক্ত দোকানটি নিয়ম বহির্ভূতভাবে জনাব মোঃ সুলতান আলম এর নিকট বিক্রি/হস্তান্তর করার পরও দ্বিতীয় বারের মতো মেজর মোঃ হানিফ এর নিকট বিক্রি/হস্তান্তরের আবেদন জানালে এ বিষয়ে শুনানী গ্রহণ করে তার এহেন জালিয়াতী/প্রতারণার জন্য অত্র দপ্তরের ঢাক্যাবো/রগসুমা/ডি/২৯/৪৭, তারিখ-১৯/০২/০৪ এর মাধ্যমে ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিনকে কারণ দর্শানোর জন্য বলা হয় এবং উক্ত পত্রের অনুলিপি স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে প্রদান করা হয়।

রেকর্ড দৃষ্টে দেখা যায়, জনাব সুলতান আলম এক দলিলের মাধ্যমে জনাব মোস্তাফিজুর রহমান এর নিকট উক্ত দোকানের পজেশন বিক্রি করেন । ক্রেতা জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ভোগ দখলরত অবস্থায় ০৩/১২/০৬ তারিখের এক আবেদনে উক্ত দোকানটি শান্তিপূর্ণ ভোগ দখলে ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন যাতে কোনরূপ বিঘ্ন সৃষ্টি করতে না পারে তার প্রতিকারের প্রার্থনা করেন।

স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২২/১১/০৭ তারিখের ৬১৯/৪/এ/১ নং পত্রে রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানটি তালাবদ্ধ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নিরাপত্তা হেফাজতে নেয়ার জন্য বলা হয়। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর ভোগ দখলরত অবস্থায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ২৭/১১/০৭ তারিখে উক্ত দোকানটি তালাবদ্ধ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনা হয়। বর্তমানে দোকানটি মালামালসহ তালাবদ্ধ অবস্থায় ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে রয়েছে।

চলমান পাতা-১৩

বিগত ০৩ এপ্রিল, ২০০৮ তারিখে এক আবেদনে সার্জেন্ট আর্মি নং-১৮০৪৫৪৮ (এমবি) মোঃ ওসমান সরদার (অবঃ) অত্র দপ্তরকে অবহিত করেন যে ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন গত ০৮/৬/০৫ তারিখে নগদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা গ্রহণ করে এক বিক্রয়নামা দলিলের মাধ্যমে তিনি উক্ত দোকানটি তার নিকট বিক্রি করেন এবং দোকানটির পজেশন বুঝিয়ে দেয়ার জন্য আবেদন করেন। উক্ত সার্জেন্ট মোঃ ওসমান সরদার (অবঃ) এর আবেদন পত্রটি পরবর্তী কার্যার্থে অত্র দপ্তরের ০৭/৪/০৮ তারিখের ঢাক্যাবো/রগসুমা/বি/২৯/৩০৫ নং পত্রের মাধ্যমে ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হয়েছে।

উপরোক্ত তথ্যাদির আলোকে প্রতীয়মান হয় যে, ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন সামরিক কোটায় বরাদ্দকৃত দোকান প্রথমত জনাব মোঃ সুলতান আলম এর নিকট বিক্রি করেন। দ্বিতীয়বার একই দোকান মেজর মোঃ হানিফ এর নিকট বিক্রির উদ্যেগ গ্রহণ করেন। তৃতীয়ত তিনি উক্ত দোকানটি বিগত ০৮/৬/০৫ তারিখে সার্জেন্ট মোঃ ওসমান সরদার এর নিকট বিক্রি করেন। চতুর্থত রেকর্ড দৃষ্টে দেখা যায়, জনাব সুলতান আলম এক দলিলের মাধ্যমে জনাব মোস্তাফিজুর রহমান এর নিকট উক্ত দোকান ঘরটি পজেশন বিক্রয় করেন। পঞ্চমত ২১/৫/০৮ তারিখে জনাব মোঃ জান্নাতুল বাকি আবেদনে জানায় যে, ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন উক্ত দোকানটি মোঃ জান্নাতুল বাকি নিকট একটি অখন্ডনীয় আম-মোক্তারনামা দলিল প্রদান করেছেন। তার এ সমস্ত কার্যকলাপের প্রেক্ষিতে বিভিন্ন জটিলতা/সমস্যার উদ্ভব ঘটেছে।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে গত ২০/৪/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৪(খ) এর সিদ্ধান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের বরাদ্দ বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশ প্রত্যাহারের জন্য ল্যাঃ নাঃ (অবঃ) মোঃ মকর উদ্দিন ১৪/৬/২০০৯ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ৫/৮/২০০৯ ইং তারিখের ১-আ -৫/২০০৯/ডি-৯/৩০৯ নং পত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে কতিপয় তথ্যাদি চাওয়া হলে অত্র দপ্তরের ৩/৯/২০০৯ ইং তারিখের ঢাক্যাবো /রঃগঃসুঃমাঃ/ বি-২৯/১/৩০ নং পত্রে চাহিত তথ্যাদি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয় । সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর তদীয় ১৩/১০/০৯ ইং তারিখের ৭/এমএলএন্ডসি /ঢাকা / ১৩০-এ-৮/শা-৩/১৭০ নং পত্রে বিষয়টি প্রতিরক্ষা মন্ত্রণালয়কে অবহিত করে। প্রতিরক্ষা মন্ত্রনালয় কর্তৃক ১৯/১/২০১০ ইং তারিখের ১-আ-৫/২০০৯/ডি-৯/৩২ নং পত্রের মাধ্যমে এতদ্ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের মতামত প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। এপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রনালয় ১৯/১/২০১০ ইং তারিখের ১-আ-৫/২০০৯/ডি-৯/৩২ নং পত্র এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৫/২/২০১০ ইং তারিখের ৭/এমএলএন্ডসি /ঢাকা /১৩০-এ-৮/শা-৩/১৭৮ নং পত্র সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য গত ২৮/২/১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*"বিস্তারিত পর্যালোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের ইজারা মেয়াদ উত্তীর্ণের প্রেক্ষিতে উক্ত দোকানের বরাদ্দ বাতিল করার সিদ্ধান্ত বহাল রাখা হলো। ল্যাঃ নাঃ (অবঃ) মকর উদ্দিন কর্তৃক গৃহীত বি/২৯ নং দোকান সংক্রান্ত কার্যকলাপ প্রতিরক্ষা মন্ত্রণালয়কে অবহিত করা হোক।"*

অতঃপর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ০২/৯/২০১০ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/ ১৩০-এ-৮/শা-৩/২০৮ নং পত্রের মাধ্যমে বিষয়টি প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করে। প্রতিরক্ষা মন্ত্রণালয় ০৬/১২/২০১০ তারিখের ১আ-৫/২০০৯/ডি-৯/৫৫০ নং পত্রে উক্ত দোকান সংক্রান্ত বিষয়ে জানায় যে, ***'ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ইজারা প্রদান এবং ইজারা বাতিল করা উভয় কাজ ক্যান্টনমেন্ট বোর্ড সম্পাদন করে থাকে। বর্ণিত অবস্থায়, বিবেচ্য বিষয়ে সাভূসে অধিদপ্তর যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।'***

আলহাজ্ব মোঃ সামছুর রহমান ১৫/৬/২০১০ তারিখের এক আবেদনে সংশ্লিষ্ট দোকানটি খুলে দেয়ার জন্য অত্র দপ্তরে অনুরোধ জানান। উক্ত আবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব সুলতান আলম সংশ্লিষ্ট দোকান সংক্রান্ত বিষয়ে ল্যাঃ কর্পোঃ (অবঃ) মকর উদ্দিনের বিরুদ্ধে ঢাকার ২য় সহকারী জজ আদালতে চিরস্থায়ী নিষেধাজ্ঞা চেয়ে ৪০০/২০০৪ দেওয়ানী মোকদ্দমা দায়ের করেন যা বিচারাধীন রয়েছে। অপরদিকে ল্যাঃ কর্পোঃ (অবঃ) মকর উদ্দিন একই আদালতে চিরস্থায়ী নিষেধাজ্ঞা চেয়ে পাল্টা আর একটি ৪১/২০০৭ নং দেওয়ানী মোকদ্দমা দায়ের করেন। পরবর্তীতে আদালত কর্তৃক উক্ত মামলাটি খারিজ করা হয়েছে।

উক্ত আবেদনপত্রটি ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৩ নং সিদ্ধান্তে বি/২৯ নং দোকানের বিষয়ে প্রতিবেদন দাখিল করার জন্য ০৩(তিন) সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করার সিদ্ধান্ত প্রদান করে। সেপ্রেক্ষিতে অত্র দপ্তরের আইন উপদেস্টার মতামত চাওয়া হলে তিনি ৮/৫/২০১১ ইং তারিখে নিম্নোক্ত মতামত প্রদান করেনঃ-

*'উল্লেখিত দোকান ঘরটির বিষয়ে আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা না থাকায় পরবর্তী মালিকানা নির্ধারন না হওয়া পর্যন্ত দোকান ঘরটি জনাব মোস্তাফিজুর রহমান বরাবরে খুলিয়া দেওয়া যাইতে পারে।'*

**চলমান পাতা-১৪**

উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে গঠিত কমিটি নিম্নোক্ত সুপারিশ করছে ঃ-

২। **কমিটির সুপারিশঃ**

(১) আলহাজ্ব মোঃ সামছুর রহমান এর আবেদনের প্রেক্ষিতে গত ২০/৪/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১৪(খ) নং সিদ্ধান্তে দোকান বরাদ্দের বাতিল আদেশ প্রত্যাহার করা যেতে পারে।

(২) আদালত কর্তৃক মালিকানার বিষয়টি নিস্পত্তি হওয়ার পর এতদব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

(৩) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর ভোগ-দখলরত অবস্থায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ২৭/১১/২০০৭ তারিখে সংশ্লিষ্ট দোকানটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রনে আনা হয়েছে। দীর্ঘদিন যাবৎ উক্ত দোকান বন্ধ থাকার ফলে ক্যান্টনমেন্ট বোর্ড রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে।

(৪) আবেদনের প্রেক্ষিতে উল্লেখিত দোকানটি ব্যবসা পরিচালনার জন্য খুলে দেয়া যেতে পারে।

(৫) কোন অবস্থাতেই উক্ত দোকান বা দোকানের অংশ বিশেষ সাবলেট দেয়া যাবে না।

সিদ্ধান্ত ঃ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বি/২৯ নং দোকান খুলে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) দোকান বরাদ্দ বাতিল সংক্রান্ত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী- ১৪ এর গৃহীত সিদ্ধান্ত বাতিল করা হলো।

(খ) মালিকানা সম্পর্কিত বিষয়ে আদালতের সিদ্ধান্ত মেনে নেয়া হবে এবং বোর্ড প্রয়োজন মনে করলে যে কোন সময় নোটিশ প্রদান ব্যতিরেকেই দোকানটি বোর্ডের নিয়ন্ত্রণে আনতে পারবে মর্মে ১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফ নামা প্রদান করতে হবে।

(গ) দোকানটি কোন অবস্থাতেই সাবলেট দেয়া যাবে না।

আলোচ্যসূচী-১৯ঃ আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলকে কলেজ করা প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলটিতে কলেজ শাখা খোলার জন্য উক্ত এলাকার অধিবাসীদের পক্ষে জনাব মোঃ আবু সাঈদ, ৬২৮, মানিকদী বাজার, ঢাকা সেনানিবাস গত ২৬ এপ্রিল, ২০১১ তারিখে আবেদন করেন। উল্লেখ্য যে, মানিকদী এলাকায় কোন কলেজ না থাকায় উক্ত এলাকার ছাত্র-ছাত্রীদের উচ্চতর শিক্ষা বিঘ্নিত হচ্ছে বিধায় পরিচালিত আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী-তে কলেজ শাখা খোলা যায় মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ২০১২ সাল থেকে পরিচালিত আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী-কে একাদশ শ্রেণী (বিজ্ঞান/বাণিজ্য/মানবিক) খোলার নীতিগত অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২০ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজে অনার্স চালুকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৩ মে, ২০১০ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৯৩-৪/শা-৭/১৪৮ নং পত্রের মাধ্যমে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজে (১) বাংলা, (২) ইংরেজি, (৩) রাষ্ট্রবিজ্ঞান, (৪) হিসাব বিজ্ঞান, (৫) ব্যবস্থাপনা ও (৬) বিবিএ বিষয়ে অনার্স কোর্স চালু করার অনুমতি প্রদান করা হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী অনার্স কোর্স চালু করার জন্য প্রতিটি বিষয়ের বিপরীতে ৭টি প্রভাষকের পদ থাকা আবশ্যক। কিন্তু বর্তমানে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টমেন্ট কলেজে উপরোক্ত বিষয়গুলোর বিপরতে প্রভাষকের পদ রয়েছে নিম্নরূপ ঃ-

| ক্রমিক নং | বিষয় | প্রভাষকের বিদ্যমান পদ সংখ্যা | প্রয়োজনীয় প্রভাষক |
|---|---|---|---|
| (১) | বাংলা | ৩টি | ৪টি |
| (২) | ইংরেজি | ৩টি | ৪টি |
| (৩) | রাষ্ট্র বিজ্ঞান | ২টি | ৫টি |
| (৪) | হিসাব বিজ্ঞান | ২টি | ৫টি |
| (৫) | ব্যবস্থাপনা | ২টি | ৫টি |
| (৬) | বিবিএ | - | ৭ টি |

বিষয় ভিত্তিক প্রয়োজনীয় প্রভাষকের পদ সৃষ্টির জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ নীতিগত অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রস্তাবিত বিষয়গুলোর অনার্স কোর্স চালু করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রভাষকের পদ সৃষ্টির জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

**চলমান পাতা-১৫**

আলোচ্যসূচী-২১ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন টিনশেড কোয়ার্টার সংস্কার মেরামতের ব্যয় নির্ধারণকরণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন টিনশেড কোয়ার্টার মেরামতের জন্য প্রতি বছরই উল্লেখযোগ্য পরিমাণ অর্থ ব্যয় হয়। কিন্তু উক্ত কোয়ার্টারগুলো হতে নির্ধারিত হারে শুধুমাত্র ভাড়া আদায় করা হয়। সংস্কার ব্যয় বাবদ কোন অর্থ আদায় করা হয় না।

সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন টিনশেড কোয়ার্টারগুলোর নির্ধারিত ভাড়ার সাথে মূল বেতনের ৫% অর্থ সংস্কার ও মেরামত ব্যয় বাবদ আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | পি নং-৩১৮ ক্যাপ্টেন মোঃ মোসলেহ উদ্দিন, পিএসসি, বিএন | ৭৫০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২) | বিএ-১৫৫৭ মেজর জেনাঃ মোঃ জিয়াউর রহমান, পিএসসি | ১০৯ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৩) | বিএসএস-১৬৮৯ মেজর (অবঃ) এ এ এম ইউসুফ আলী খান | ৬৩০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৪) | বিএসপি-২২৮৩ লেঃ কর্ণেল মোঃ ফয়জুল হক (অবঃ) | ১০৯১ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৫) | বিডি-৭১০৭ গ্রুপ ক্যাপ্টেন মুন্সী গোলাম মোস্তফা | ৩৮৪ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৬) | বিএ-২০৭০ লেঃ কর্ণেল মীর শহীদুর রেজা (অবঃ) | ৬৮৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৭) | মিসেস ছেদ্রাতুল আনোয়ারা বেগম গং স্বামী- মরহুম বিইসি-১১৭৯৯২ মেজর মোঃ আসাদুজ্জামান | ৮১২ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৮) | বিএ-২০৩৫ মেজর সৈয়দ মোঃ আলী জাহিদ (অবঃ) | ১০৪৯ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৯) | পি নং- ২৩৫ ক্যাপ্টেন মাহমুদুল হক চৌধুরী (অবঃ) | ৭৮৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১০) | বিএস-১৯৪৪ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ কামরুল হুদা, পিএসসি | ৬১০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১১) | বিএ-১০০৩১৪ লেঃ কর্ণেল এ কে এম জহুরুল ইসলাম, এএমসি | ৭৬৯/এ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন (সংশোধনের নিমিত্তে নকশা ফেরত) |
| (১২) | বিএ-১৭৩৯ মেজর জেনাঃ হামিদ আল হাসান, এনডিসি | ২৮৯ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১৩) | বিএ-৮৬৭ ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মিরান হামিদুর রহমান | ৪২০ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (১৪) | বেগম আয়েশা মনির | ১৮৭ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন এক তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৫) | মিসেস সাদিয়া বিনতে রেজাক পিতা- মেজর জেনাঃ রেজাকুল হায়দার (অবঃ) | ২২৭ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৬) | জনাব মোঃ নুরুল ইসলাম গং | ১১২ | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা | সংশোধিত ০৬(ছয়) তলা (পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৭) | জনাব মোঃ হামিদুর রহমান গং | সিবি-৩৮ সিএস-১৪৮ (অংশ) | কচুক্ষেত পুরান বাজার মৌজা- লালাসরাই | ০৬ (ছয়) তলা নতুন আবাসিক ভবন |

চলমান পাতা-১৬

| | | | | |
|---|---|---|---|---|
| (১৮) | জনাব মোঃ রাজু আহমেদ গং | সিবি-১৭৯ সিএস-১২৭ (অংশ) | কচুক্ষেত পুরাণ বাজার মৌজা- লাল সরাই | ০৬ (ছয়) তলা নতুন আবাসিক ভবন |
| (১৯) | জনাব মোঃ ওমর ফারুক (রনি) গং | সিবি-২২৪ সিএস-১৪০ (অংশ) | কচুক্ষেত পুরাণ বাজার মৌজা- লাল সরাই | ০৬ (ছয়) তলা নতুন আবাসিক ভবন |
| (২০) | হাজী মোঃ আনিসুর রহমান গং | সিবি-১৩/৩ এবং ৩৯/১ সিএস- | কচুক্ষেত পুরাণ বাজার মৌজা- লাল সরাই | ০৬ (ছয়) তলা নতুন আবাসিক ভবন |
| (২১) | জনাব মোঃ জাহাঙ্গীর আলম গং | সিবি-২৩৩/১ সিএস- | কচুক্ষেত পুরাণ বাজার মৌজা- লাল সরাই | ০৬ (ছয়) তলা নতুন আবাসিক ভবন |
| (২২) | মিসেস খালেদা ওয়াহিদ গং | সিবি-২২১ সিএস-১৪১ (অংশ) | কচুক্ষেত পুরাণ বাজার মৌজা- লাল সরাই | ০৬ (ছয়) তলা নতুন আবাসিক ভবন |
| (২৩) | হাজী মোঃ আসলাম মিয়া | সিবি-২৭৮/২ সিএস-১২৮ (অংশ) | কচুক্ষেত পুরাণ বাজার মৌজা- লাল সরাই | ০২ (দুই) তলা নতুন আবাসিক ভবন |
| (২৪) | জনাব মোঃ শামসুদ্দিন গং | সিবি-২২২ ও ২২৩, সিএস-১৪০ | কচুক্ষেত পুরাণ বাজার মৌজা- লাল সরাই | সংশোধিত ০৬ (ছয়) তলা আবাসিক ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ হতে ১৬ এ উল্লিখিত ১৬টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। নকশাগুলো অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ হতে ১৫ এ উল্লেখিত ১৫টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্রমিক নং-১৩ ও ১৪ এর ক্ষেত্রে নিয়ম মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। ক্রমিক নং-১৬ হতে ২৪ পর্যন্ত ৯টি নকশা আরো অধিকতর যাচাই বাছাই করে প্রত্যেকটি প্রস্তাব সম্পর্কে আগামী বোর্ডসভায় পৃথক পৃথক প্রতিবেদন উপস্থাপন করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মুসলিম মডার্ণ একাডেমীর সম্মুখে শহীদ বদিউজ্জামান রোডের দক্ষিণ পার্শ্বে ৭২৩´-০˝ লম্বা ওয়াকওয়ে নির্মাণ। | ৬,৬[illegible],৩৪৫/- টাকা | -বোর্ড ফান্ড |
| (২) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত ড্রেন মেরামত কাজ। | ১,০[illegible],০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৫/ডি নং স্টাফ কোয়ার্টারের ১৮ এবং ১৯ নং বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৪[illegible],০০৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের বাহির সাইড মেরামত, প্লাস্টার ও রংকরণ কাজ। | ১,০[illegible],০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৫) | ঢাকা সেনানিবাসের বিভিন্ন শিশু পার্কের ৫টি খেলনা সামগ্রী স্থানান্তর, পুনঃস্থাপন, ওয়েল্ডিং ও রংকরণ কাজ। | ৭[illegible],০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৬) | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের ৩য় তলায় বাথরুম ও টয়লেট নির্মাণ। | ১,৯[illegible],২৪৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৭) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কক্ষে জিপসাম বোর্ডের ফল্স সিলিং সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৯[illegible],৫৬৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮) | স্টাফ কোয়ার্টার নং-১০০ এর তৃতীয় তলা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৭[illegible],৯৯২/- টাকা | মেরামত ও রক্ষণাক্ষেণ খাত |
| (৯) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সামনে ও উত্তর পার্শ্বের কাঠের জানালা পরিবর্তন করে থাই এ্যালুমিনিয়াম জানালা সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,০[illegible],০১৬/- টাকা | বোর্ড তহবিল |
| (১০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-৮ মেরামত ও রংকরণ কাজ। | ৫[illegible],৫৩০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১১) | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২১০ হতে মিরপুর লিংক রোড পর্যন্ত ৫ নং রোড সম্প্রসারণ (আরসিসি পাইপড্রেনসহ)। | ৭৯,৬[illegible],৪৬০/- টাকা | অনুদান |
| (১২) | কচুক্ষেত পুরান বাজার এলাকার ৫ নং রোডে আরসিসি পাইপড্রেন স্থাপনসহ রাস্তা উঁচুকরণ কাজ (সিবি-১৩৩ হতে সিবি-২১০ পর্যন্ত)। | ৫৪,৫[illegible],০১৪/- টাকা | অনুদান |
| (১৩) | ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থাপনা/রাস্তার নামফলক (৪টি) স্থাপন কাজ। | ৩,১[illegible],৩৩৮/- টাকা | অনুদান |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ১৩ (ষোল) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ও ১০ এ বর্ণিত কাজের জন্য দরপত্র/কোটেশন আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৭

আলোচ্যসূচী-২৪ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নামাজ কক্ষে টাইলস্ স্থাপনসহ অজুখানা নির্মাণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৭ নং রোডে অবস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন ৭ নং বিল্ডিংটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ও সামররিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের অফিস। উক্ত অফিসে নামাজের স্থান থাবলেও অজু খানা নেই। উক্ত নামাজ কক্ষে টাইলস্ স্থাপন ও অজুখানা নির্মাণের জন্য ৮১,১১৪/- টাকার মূল্য নুমান প্রস্তত করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের চাহিদার আলেকে নামাজ কক্ষে টাইলস্ স্থাপনসহ অজুখানা নির্মাণের জন্য ৮১,১১৪/- টাকার মূল্যানুমান অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নামাজ কক্ষে টাইলস্ স্থাপনসহ অজুখানা নির্মাণের জন্য ৮১,১১৪/- (একাশি হাজার একশত চৌদ্দ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বনানী ডিওএইচএস এলাকার ১ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ২৯,১৪,৮০৪/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স | ২৯,০৬,৩৫২/- টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস এর অননুমোদিত নির্মাণ ও রাস্তার ক্ষতিপূরণের জন্য জমাকৃত অর্থ বোর্ড তহবিল |
| (২) | বনানী ডিওএইচএস এলাকার ৩ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ১২,৪৯,৭৯৪/- টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ১১,৮৭,৩০৪/- টাকা | -ঐ- লটারীতে বিজয়ী |
| (৩) | বনানী ডিওএইচএস এলাকার ৬/এ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৯,৯৮,৫০২/- টাকা | মেসার্স কে টি এস ট্রেডিং কোং | ৯,৪৮,৫৭৬/- টাকা | -ঐ- লটারীতে বিজয়ী |
| (৪) | আদমজী ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের পিছনে দক্ষিণ অংশের খোলার ড্রেনের উপর স্ল্যাব নির্মাণ। | ৬,৬১,৪৩৮/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল | ৬,২৮,৩৬৬/- টাকা | বোর্ড ফান্ড লটারীতে বিজয়ী |
| (৫) | বারিধারা ডিওএইচএস এর মোয়াজ্জিন এর কোয়ার্টার নির্মাণ। | ১০,৫৬,৩৬৯/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ১১,০৮,১৩১/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৬) | জিয়া কলোনী হতে আইএসএসবি রাস্তায় বিদ্যমান ইলেক্ট্রিক পোলের মধ্যে ১৩৪টি এসএস পাইপের ফ্লাওয়ার টপ ক্যারিয়ার সরবরাহ ও স্থাপন। | ৬,১৬,৪০০/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ৬,১৬,৪০০/- টাকা | বোর্ড তহবিল |
| (৭) | ঢাকা সেনানিবাসের সিএসডি পেট্রল পাম্পের পিছনে পার্কি ও তৎসংলগ্ন স্থানে পিসিসি ঢালাইসহ রাস্তার মাঝখানে পটহোল মেরামত কাজ। | ৪,৯৬,৩৮৮/- টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৪,৯৬,৩৮৮/- টাকা | বোর্ড তহবিল |
| (৮) | শহীদ সরণির পশ্চিম পার্শ্বে ওয়ার্কশপ বাস স্টপে ড্রেন মেরামতসহ কার্পেটিং কাজ। | ১,৯৮,১০০/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ১,৯৮,১০০/- টাকা | বোর্ড তহবিল |
| (৯) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ফার্নিচার সরবরাহ ও স্থাপন কাজ। | - | মেসার্স সরদার ট্রেডার্স | ৭৫,৯৯,০০০/- টাকা | অনুদান |
| (১০) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার পানির লাইনের পিট মেরামত কাজ। | ২৭,৩৩৩/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২৭,৩৩৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

*চলমান পাতা-১৮*

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|
| ১ | ২৯,০৬,৩৫২/- টাকা | |
| ২ | ১১,৮৭,৩০৪/- টাকা | |
| ৩ | ৯,৪৮,৫৭৬/- টাকা | |
| ৪ | ৬,২৮,৩৬৬/- টাকা | |
| ৫ | ১১,০৮,১৩১/- টাকা | |
| ৬ | ৬,১৬,৪০০/- টাকা | |
| ৭ | ৪,৯৬,৩৮৮/- টাকা | |
| ৮ | ১,৯৮,১০০/- টাকা | |
| ৯ | ৭৫,৯৯,০০০/- টাকা | |
| ১০ | ২৭,৩৩৩/- টাকা | |

ক্রমিক নং-১০ এর কার্যাদেশ প্রদানপূর্বক কাজটি সম্পন্ন করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলোর ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪৮/এ নং প্লটের উত্তর পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ড কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৬ তলা ভিতের ২য় শ্রেণীর বাসস্থানের বিদ্যমান ৪র্থ তলার উপর ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ। | ৫,১৯,৪৭৬/- টাকা | মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রনিক্স |
| (২) | অতি বর্ষণের কারণে মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপে নির্মিত বাউন্ডারী ওয়াল মেরামতকরণ কাজ। | ২২,৪৯১/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স |
| (৩) | স্বাধীনতা সরণির রজনীগন্ধা এমপি চেকপোষ্ট হতে বনানী এমপি চেকপোষ্ট পর্যন্ত আন্ডারগ্রাউন্ড অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন কাজের খননকৃত রাস্তা মেরামত কাজ। | ৭৬,২১১/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |
| (৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদের পূর্ব পার্শ্বে রাস্তা উঁচুকরণসহ কার্পেটিং ও ড্রেন নির্মাণ কাজ। | ১,৩৭,৬৯৫/- টাকা | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত মেরামত/প্রকল্পগুলো সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত প্রকল্প ০৪ (চার) টির বিপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন নিরাপত্তা বাতি রক্ষণাবেক্ষণের জন্য টিউব লাইট ইস্টার্ণ টিউব লিঃ হতে কোম্পানীর নির্ধারিত দরে ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন বারিধারা ডিওএইচএস, মহাখালী ডিওএইচএস, বনানী ডিওএইচএস, মিরপুর ডিওএইচএস, মিরপুর ক্যান্টনমেন্ট, বালুঘাট, জিয়াকলোনী, সিগন্যাল রোড, বেলায়েত রোড, বাশার রোড, শহীদ সরণি, ক্যান্ট বাজার এলাকা, মঙ্গুল রোড রিকসা রাস্তা, আজিজপল্লী, রজনীগন্ধা সুপার মার্কেট ও পার্ক, কচুক্ষেত পুরান বাজার, শহীদ বদিউজ্জামান রিকসা রাস্তা, ভাষানটেক এমপি চেকপোষ্টগামী রাস্তা, শহীদ সরণির নিয়ন রোডের লাইট, অফিস সিকিউরিটি, ক্যান্ট হাউজ গার্ডেন ও অন্যান্যসহ সর্বমোট ২৩১৯ টি নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রতি মাসে ৫০০টি টিউব লাইট ক্রয় করার প্রয়োজন পড়ে। উক্ত টিউব লাইট সরাসরি প্রস্তুতকারী প্রতিষ্ঠান ইস্টার্ণ টিউব হতে কোম্পানীর নির্ধারিত দরে টিউব লাইট ক্রয় করা যেতে পারে। উল্লেখ্য যে, উক্ত ব্যয় বিদ্যুত শাখার রক্ষণাবেক্ষণ খাত ঙ-২-ঘ হতে সংকুলান করা যাবে।

সিদ্ধান্ত ঃ সরাসরি প্রস্তুতকারী প্রতিষ্ঠান হতে কোম্পানীর নির্ধারিত দরে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন এলাকার জন্য নিরাপত্তা বাতি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৯

আলোচ্যসূচী-২৮ঃ মহাখালী ডিওএইচএস এর ২৯ নং রোডে ৩৯৬ নং প্লটের সামনে স্থাপিত বৈদ্যুতিক পোল স্থানান্তর করে ৩৯৬ ও ৩৯৭ নং প্লটের সংযোগস্থলে পুনঃস্থাপন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এর ২৯ নং রোডে ৩৯৬ নং প্লটের সামনে স্থাপিত বৈদ্যুতিক পোলটি স্থানান্তর করে ৩৯৬ ও ৩৯৭ নং প্লটের মাঝামাঝি নো ম্যানস্ ল্যান্ডে স্থাপন করার জন্য ব্রিগেঃ জেনাঃ সৈয়দ মোফাজ্জল মাওলা (অবঃ) এবং লেঃ কর্ণেল রাশেদ আহমদ (অবঃ) ২৯ জুন, ২০০৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৯ জুন, ২০০৬ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৬৬-৩/৩৬২ নং পত্র এবং ২৬ অক্টোবর, ২০১০ তারিখের ঢাক্যাবো/ পিডব্লিউ/ ৬৬/৩/৩৬২ নং পত্রের মাধ্যমে ডেসকোকে পোল স্থানান্তরের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে ডেসকো এর ১২ ডিসেম্বর, ২০১০ তারিখের ডেসকো/এসইএন্ডডি/২০১০/১৩০৪ নং পত্রের মাধ্যমে ডিপোজিট স্কীমের আওতায় পোল স্থানান্তর করার জন্য ৪১,০২২/- টাকা ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা করার জন্য বলা হয়। উক্ত অর্থ ডেসকো বরাবর জমা করার জন্য অত্র দপ্তরের ০২ মার্চ, ২০১১ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৬৪/৪/৫০ নং পত্রের মাধ্যমে প্লট মালিককে জানানো হয়।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এর অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ হতে উক্ত ব্যয় সংকুলান করা যেতে পারে। তবে অন্য কোন ক্ষেত্রে এটিকে উদাহরণ হিসেবে ধরা যাবে না।

আলোচ্যসূচী-২৯ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ২০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন সোলার প্যানেল স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪ নং রোডে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে বিদ্যুৎ না থাকায় ২০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন সোলার প্যানেল স্থাপন করে জরুরী বিভাগগুলোতে বিদ্যুতায়নের ব্যবস্থা গ্রহণ করার লক্ষে বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ কে পত্র দেয়া হয়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ ডিজেল প্লান্ট লিঃ সোলার প্যানেল স্থাপনের কমপ্লিট প্যাকেজের বিস্তারিত দরের কোটেশন প্রেরণ করেন। উক্ত কোটেশনে ২০ কিলোওয়াট সোলার প্যানেল স্থাপনের জন্য ১,৩৬,৫০,৬৭৯/- (এক কোটি ছত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত উনআশি) টাকার দর প্রদান করা হয়। উল্লেখ্য যে, উক্ত সোলার প্যানেলটি প্রতিদিন ০৪(চার) ঘন্টা পর্যন্ত বিদ্যুতের বেক-আপ দিতে পারবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় অনুদান হতে সংকুলান করা যাবে।

সিদ্ধান্ত ঃ আপাততঃ প্রয়োজন নেই।

আলোচ্যসূচী-৩০ঃ মহাখালী ডিওএইচএস পরিষদ এক্সিকিউটিভ কমিটি নির্বাচন, ২০১১ এর নিমিত্তে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ১৩ মে, ২০১১ তারিখে মহাখালী ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনের জন্য ব্যালট পেপার ছাপানো, প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার ও নির্বাচন কমিটির সম্মানী এবং অন্যান্য স্টেশনারী ক্রয় বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা প্রয়োজন। আলোচনান্তে উক্ত ব্যয় মহাখালী ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে সংকুলান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত মহাখালী ডিওএইচএস একজিকিউটিভ কমিটি নির্বাচন, ২০১১ উপলক্ষে সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-২০

আলোচ্যসূচী-৩১ঃ কর্মী কল্যাণের বকেয়া আদায় ও অডিট আপত্তি নিস্পত্তিকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ০৬(ছয়)টি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যয়নরত সেনাবাহিনীতে কর্মরত জেসিও/ওআর এবং ধর্মীয় শিক্ষকদের ছেলেমেয়ের ছাত্র বেতন (টিউশন ফি) প্রতি মাসে দাবী করা হলেও উক্ত দাবীকৃত সমুদয় অর্থ পরিশোধ না করার কারণে নিম্নোক্ত সময়ের জন্য মোট ১২,১৯,৪১০/-(বার লক্ষ উনিশ হাজার চারশত দশ) টাকা বকেয়া থাকে। উক্ত বকেয়া টাকা পরিশোধ না করার কারণে ২০০১-২০০২ আর্থিক সালের নিরীক্ষাকালে অডিট আপত্তি উথাপিত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | ১৯৯৮-১৯৯৯ সনের কর্মীকল্যাণ অনুদানের বকেয়া | = | ২,৭২,৩২০.০০ | টাকা |
| (খ) | ১৯৯৯-২০০০ সনের কর্মীকল্যাণ অনুদানের বকেয়া | = | ২,৫৮,২৬০.০০ | টাকা |
| (গ) | ২০০০-২০০১ সনের কর্মীকল্যাণ অনুদানের বকেয়া | = | ২,৭০,২৬০.০০ | টাকা |
| (ঘ) | ২০০১-২০০২ সনের কর্মীকল্যাণ অনুদানের বকেয়া | = | ৪,১৮,৫৭০.০০ | টাকা |
| | **মোট** | = | **১২,১৯,৪১০.০০** | **টাকা** |

উপরোক্ত নিরীক্ষা আপত্তিকৃত বকেয়া টাকার মধ্যে বিভিন্ন তারিখে বিভিন্ন পত্রের মাধ্যমে সদর দপ্তর লগ এরিয়া, ঢাকা সেনানিবাস কর্তৃক মোট ৫,০০,৮১৬/-(পাঁচ লক্ষ আটশত ষোল) টাকা পরিশোধ করা হয়। অবশিষ্ট (১২,১৯,৪১০.০০-৫,০০,৮১৬/- = ৭,১৮,৫৯৪.০০ (সাত লক্ষ আঠার হাজার পাঁচশত চুরানব্বই) টাকা অদ্যাবধি বকেয়া থাকার কারণে উথাপিত নিরীক্ষা আপত্তি নিস্পত্তি করা সম্ভব হচ্ছে না।

২। উপরোল্লিখিত অডিট আপত্তিকৃত টাকা ছাড়াও কর্মীকল্যাণ অনুদানের নিম্নবর্ণিত অর্থ বকেয়া রয়েছেঃ-

| ক্রমিক নং | মাস/আর্থিক সন | | বকেয়া অর্থের পরিমাণ | |
|---|---|---|---|---|
| (১) | জুন, ২০০৬ ইং | = | ১৬৬০৫৫.০০ | টাকা |
| (২) | মে, ২০০৭ ইং (আংশিক) | = | ১১০৮৪৬.০০ | টাকা |
| (৩) | জুন, ২০০৭ ইং | = | ১৭৯৮১৫.০০ | টাকা |
| (৪) | জুন, ২০১০ | = | ১১৫৮৯৫.০০ | টাকা |
| | **মোট** | = | **৫,৭২,৬১১.০০** | টাকা |
| | **নিরীক্ষা আপত্তির অবশিষ্ট বকেয়া অর্থ** | = | **৭,১৮,৫৯৪.০০** | টাকা |
| | **সর্বমোট প্রাপ্য** | = | **১২,৯১,২০৫.০০** | টাকা |

এমতাবস্থায়, অডিট আপত্তি নিস্পত্তিকল্পে ৭,১৮,৫৯৪/-(সাত লক্ষ আঠার হাজার পাঁচশত চুরানব্বই) টাকাসহ জুন'০৬, মে'০৭ (আংশিক), জুন'০৭ মাস, এবং জুন, ২০১০ মাসের বকেয়া বাবদ মোট **৫,৭২,৬১১.০০ টাকা** অর্থাৎ (৭,১৮,৫৯৪.০০ + ৫,৭২,৬১১.০০) সর্বমোট **১২,৯১,২০৫/-**(বার লক্ষ একানব্বই হাজার দুইশত পাঁচ) টাকা বকেয়া রয়েছে। উক্ত বকেয়া টাকা পরিশোধের ব্যাপারে সদর দপ্তর লগ এরিয়া, ঢাকা সেনানিবাসের সাথে একাধিকবার পত্র যোগাযোগের মাধ্যমে অনুরোধ জানানো সত্বেও বকেয়া টাকা আদায় করা সম্ভব হচ্ছে না।

এছাড়াও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ০৬(ছয়)টি বিদ্যালয়ে অধ্যয়নরত সেনাবাহিনীতে কর্মরত জেসিও/ওআর এবং ধর্মীয় শিক্ষকদের সন্তানদের কর্মী কল্যাণ বিল (জুলাই থেকে সেপ্টেম্বর, ২০১০) পরিশোধের নিমিত্তে অর্থ নিয়ন্ত্রক(আর্মি), লগ এরিয়া এর কার্যালয়, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হয়। তন্মধ্যে উক্ত বিলে প্রেষণে নিয়োজিত র‍্যাবে কর্মরত কর্মকর্তাগণের সন্তানাদিও অন্তর্ভূক্ত রয়েছে। প্রেষণে নিয়োজিত র‍্যাবে কর্মরত কর্মকর্তাগণের সন্তানাদির কর্মী কল্যাণ ভাতাদির দাবীর স্বপক্ষে প্রাধিকার না থাকায় অর্থ নিয়ন্ত্রক(আর্মি), লগ এরিয়া, ঢাকা সেনানিবাস কর্তৃক বিলটি ফেরত প্রদান করে এবং প্রাধিকারসহ বিলটি পুনরায় প্রেরণের জন্য অত্র দপ্তরকে অনুরোধ জানিয়েছেন। তৎপ্রেক্ষিতে প্রেষণে নিয়োজিত র‍্যাবে কর্মরত কর্মকর্তাগণের সন্তানাদির কর্মী কল্যাণ ভাতাদির দাবীর স্বপক্ষে প্রাধিকার চেয়ে সদর দপ্তর লগ এরিয়া, ঢাকা সেনানিবাসে একাধিকবার পত্র যোগাযোগের মাধ্যমে অনুরোধ জানানো স্বত্বেও কোন প্রাধিকার পাওয়া যায়নি। বিষয়টি বিলম্বিত হওয়ার কারণে এবং ২০১০-২০১১ আর্থিক সালের ০৯ (নয়) মাস অতিবাহিত হওয়ার পরও কর্মী কল্যাণ অনুদান বাবদ বরাদ্দকৃত অর্থের কোন কিস্তিই উত্তোলন করা সম্ভব হচ্ছে না বিধায় পূর্বে দাবীকৃত ৫,০৩,০০৫/- টাকা হতে র‍্যাবে কর্মরত কর্মকর্তাগণের সন্তানগণের কর্মী কল্যাণ বিল বাবদ ৫,১০০/- টাকা বাদ দিয়ে **(৫,০৩,০০৫.০০ - ৫,১০০.০০ ) = ৪,৯৭,৯০৫/-** টাকার বিল এফ, সি অফিসে প্রেরণ করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে, অডিট আপত্তি/জটিলতা নিরসনকল্পে ক্যান্টনমেন্ট বোর্ড/বাজেটের ভারসাম্য রক্ষা/ রাজস্ব আয়ের লক্ষ্যে কর্মী কল্যাণ বাবদ বরাদ্দকৃত অর্থ ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বরাদ্দ না করে তা স্ব-স্ব ইউনিটের নামে বরাদ্দ ব্যবস্থা নেয়া যেতে পারে। এ ক্ষেত্রে সেনাবাহিনীতে কর্মরত জেসিও/ওআর এবং ধর্মীয় শিক্ষকগণের সন্তানদের মাসিক বেতন নিয়মানুযায়ী স্কুলে পরিশোধ করে পরিশোধের রশিদ এর মাধ্যমে স্ব-স্ব ইউনিট হতে যথাযথভাবে টাকা উত্তোলন করার ব্যবস্থা নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের বকেয়া পরিশোধের জন্য সদর দপ্তর লগ এরিয়াকে পুনরায় পত্র প্রদান করা হোক। ভবিষ্যতে এ জটিলতা পরিহার করার জন্য প্রাধিকারভুক্ত জেসিও/ওআর এবং ধর্মীয় শিক্ষকগণের সন্তানদের মাসিক বেতন নিয়মানুযায়ী স্কুলে পরিশোধ করে পরিশোধিত রশিদ এর মাধ্যমে স্ব স্ব ইউনিট হতে যথাযথ টাকা উত্তোলন করা যায় কি না এ বিষয়টি বিবেচনার জন্য লগ এরিয়াকে অনুরোধ জানানো হোক।

*চলমান পাতা-২১*

আলোচ্যসূচী-৩২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মোহাম্মদীয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা কমিটি গঠন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের দোতালায় অবস্থিত মোহাম্মাদীয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানার নিয়ন্ত্রণভার গত ০১/১/২০১১ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গ্রহণ করা হয়েছে এবং বোর্ডের মাধ্যমে উক্ত মাদ্রাসার কার্যক্রম পরিচালিত হচ্ছে। উল্লেখ যে, ইতোপূর্বে প্রায় ২৮/২৯ বছর একই কমিটি দ্বারা উক্ত মাদ্রাসা পরিচালিত হয়েছে। যেহেতু মাদ্রাসাটি জনগনের দান/চাঁদার মাধ্যমে পরিচালিত হয়। সেহেতু মাদ্রাসার আয় বৃদ্ধির লক্ষ্যে আগ্রহী ব্যবসায়ী/দানশীল ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি এডহক কমিটি গঠন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ আপাততঃ রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের দোতালায় অবস্থিত মোহাম্মাদীয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে পরিচালিত হবে। কমিটি গঠনের বিষয়টি পরবর্তীতে বিবেচনা করা হবে।

আলোচ্যসূচী-৩৩ঃ মহাখালী ডিওএইচএস অফিস-কাম শপিং কমপ্লেক্স এর ব্যাংকের জন্য নির্ধারিত স্পেস এর ইজারা গ্রহীতা কর্তৃক উক্ত স্থান হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকার নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্সের ১৫০৮ বর্গফুট বিশিষ্ট ব্যাংক স্পেস ইজারা প্রদানের জন্য ৬/৯/২০১০ তারিখে দরপত্র আহবান করা হয়। লেঃ কর্নেল সিরাজুল ইসলাম, বিপি (অবঃ) প্রতি বর্গফুট ১৭,৯০৪/৫০ টাকা হারে উক্ত ব্যাংক স্পেস এর জন্য মোট ২,৬৯,৯৯,৯৮৬/- দর প্রদান করেন। প্রাপ্ত দরটি ৩০/৯/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২(গ) এর মাধ্যমে অনুমোদিত হয়। অত্র দপ্তরের ২৭/১০/২০১০ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/মহাঃডিওঃ/১৫১ নং পত্রের মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়নি। উল্লেখিত ব্যাংক স্পেসটি তিনি এক্সিম ব্যাংকের নিকট বরাদ্দ প্রদান করাসহ জায়গার পরিমান ২৫০০ হতে ৩০০০ বর্গফুট বৃদ্ধি করার বিষয়টি বিবেচনার করার জন্য অত্র দপ্তরে ২২/১১/২০১০ তারিখে আবেদন করেন।

সিদ্ধান্ত ঃ ইজারা গ্রহীতা কর্তৃক সালামীর একটি কিস্তি পরিশোধ করার পর হস্তান্তর ফি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধ সাপেক্ষে মহাখালী ডিওএইচএস অফিস-কাম শপিং কমপ্লেক্স এর ব্যাংকের জন্য নির্ধারিত স্পেস এক্সিম ব্যাংক লিঃ এর অনুকূলে হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৪ঃ মিরপুর ডিওএইচএস অফিস-কাম শপিং কমপ্লেক্স এর ১ম তলার ৬ নং দোকানের ইজারা গ্রহীতা কর্তৃক উক্ত দোকান হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ বিয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্সের ১ম তলার-২৮৭.৮০ বর্গফুট বিশিষ্ট ০৬ নং দোকানটি ইজারা প্রদানের নিমিত্তে ১৬/৩/২০১১ তারিখে দরপত্র আহবান করা হয়। কমান্ডার মোঃ মোস্তফা শহীদ, বিএন (অবঃ) কর্তৃক উক্ত দোকানের জন্য প্রতি বর্গফুট ২৫,৭৯৯/- টাকা হারে মোট ৭৪,২৪,৯৫২/২০ টাকার দর প্রদান করা হয়। প্রাপ্ত দরটি ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪ এর মাধ্যমে অনুমোদিত হয়। অত্র দপ্তরের ০৪/৫/২০১১ তারিখের ঢাক্যাবো/মিরপুর/ডিওঃঅঃকাঃশপিংকঃ/৪৬ নং পত্রের মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি চূড়ান্ত অনুমোদন পাওয়া যায় নি। উক্ত দোকানটি ব্রিগেঃ জেনাঃ মোঃ জাকির হাসান (অবঃ) এর নিকট হস্তান্তর করার জন্য কমান্ডার মোঃ মোস্তাফা শহীদ, বিএন (অবঃ) ২৭/৪/২০১১ তারিখে এবং ব্রিগেঃ জেনাঃ জাকির হাসান (অবঃ) উক্ত দোকানটা মালিকানা তাঁর নিকট হস্তান্তর অনুমতি প্রদান করার জন্য ৪/৫/২০১১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ ইজারা গ্রহীতা কর্তৃক সালামীর একটি কিস্তি পরিশোধ করার পর হস্তান্তর ফি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস এলাকার নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্সের ১ম তলার-২৮৭.৮০ বর্গফুট বিশিষ্ট ০৬ নং দোকানটি ব্রিগেঃ জেনাঃ জাকির হাসান (অবঃ) এর অনুকূলে হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৫ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার নং-৬৮/এ এর ভাড়া পুনঃনির্ধারণের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ নং বাসার ২য় তলার বরাদ্দ গ্রহীতা জনাব এস এম এমদাদুল হক (উপ-সচিব), সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস গত ১১ জানুয়ারি, ২০১১ তারিখের আবেদনে জানান যে, ৬৮/এ নং বাসাটি পরিচালক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর মহোদয়ের বাংলো হিসেবে তৈরী করা হয়। কিন্তু উক্ত বাসার ২য় তলা তাঁকে বরাদ্দ করা হলেও, নিচতলা অন্য একজন কর্মকর্তাকে বরাদ্দ করা হয়েছে বিধায় বাসাটির ভাড়া কম রেটে নির্ধারণ করার জন্য অনুরোধ জানিয়েছেন। বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি মোতাবেক বাসা ভাড়া আদায় করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিবেচনা করার অবকাশ নেই। আবেদনকারীকে বিষয়টি অবহিত করা হোক।

চলমান পাতা-২২

৩৬ বিবিধ-১ ঃ মিরপুর ডিওএইচএস এর ৫২৬ নং প্লটে নির্মাণাধীন বাড়ীর আভ্যন্তরীন পয়ঃ নিষ্কাশন লাইন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার ৫২৬ নং প্লটে নির্মাণাধীন ০৬(ছয়) তলা বাড়ীর (সার্কেল হোল্ডিং লিঃ) কিছু কিছু বেড রুম/ড্রয়িং রুম/রান্নাঘর/অন্যান্য রুমের ভিতর দিয়ে পয়ঃনিষ্কাশন লাইন অতিক্রম করানো হয়েছে, যা মোটেই স্বাস্থকর ও নিরাপদ নয়। এ বিষয়ে উক্ত বাড়ীর একজন ফ্ল্যাট ক্রেতা উইং কমান্ডার মোঃ তবারক হোসেন ভূঞা পয়ঃনিষ্কাশন লাইনগুলি স্থানান্তরের জন্য অত্র দপ্তরে একাধিক লিখিত ও মৌখিক আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ স্বাস্থ্য সম্মত ও কারিগরী দিক থেকে যুক্তিযুক্ত পয়ঃনিষ্কাশন লাইন সম্পন্ন করার জন্য বাড়ীর মালিক ও নির্মাণকারী সংস্থাকে নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। মিরপুর ডিওএইচএস পরিষদ নকশা বহির্ভূতভাবে বেড রুম/ড্রয়িং রুম/রান্নাঘর/অন্যান্য রুমের ভিতর দিয়ে অতিক্রান্ত পয়ঃনিষ্কাশন লাইন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩৬ বিবিধ-২ ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ২৮৯ ও ২৯১ নং প্লটে যৌথভাবে বাড়ী নির্মাণের অনুমোদিত নকশা বাতিলের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ২৮৯ ও ২৯১ নং প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা বাড়ী নির্মাণের জন্য নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে উক্ত প্লট দু'টির মালিক যৌথভাবে অনুমোদিত নকশা বাতিলের আবেদন করেছেন। আবেদন মোতাবেক যৌথভাবে বাড়ী নির্মাণের অনুমোদিত নকশা বাতিল করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ২৮৯ ও ২৯১ নং প্লটে যৌথভাবে বাড়ী নির্মাণের নকশা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৬ বিবিধ-৩ ঃ মহাখালী ডিওএইচএস লেকের দূষণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস পরিষদ হতে লেকের পানি দূষণ রোধকল্পে ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেডের দক্ষিণ দিক দিয়ে পাকা ড্রেন করে সকল ইউনিটের পানি পূর্ব দিকে এক স্থান দিয়ে কালভার্টের নিচ দিয়ে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ প্রসংগে বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, উক্ত কাজের জন্য আনুমানিক ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকার প্রয়োজন হতে পারে। অর্থের সংস্থান হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেডের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে তাদের মতামতসহ পরবর্তী সভায় উপস্থাপন করা হোক।

৩৬ বিবিধ-৪ ঃ বীর বিক্রম জেনারেল মুস্তাফিজ সরণির উভয় পার্শ্বে লোহার ব্যারিয়ার স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বীর বিক্রম জেনারেল মুস্তাফিজ সরণির উভয় পার্শ্বে ২৮০০´-০´´ × ২ = ৫৬০০´ - ০´´ দৈর্ঘ্যের লোহার ব্যারিয়ার স্থাপনের জন্য ৬৬,৫৯,১৩৪/- (ছেষট্টি লক্ষ ঊনষাট হাজার একশত চৌত্রিশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। অনুদান প্রাপ্তি সাপেক্ষে উক্ত কাজ সম্পাদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বীর বিক্রম জেনারেল মুস্তাফিজ সরণির উভয় পার্শ্বে লোহার ব্যারিয়ার স্থাপন কাজের জন্য ৬৬,৫৯,১৩৪/- (ছেষট্টি লক্ষ ঊনষাট হাজার একশত চৌত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। তবে উক্ত সড়কটি বর্তমানে সড়ক ও জনপথ বিভাগের লোডে থাকায় সড়ক ও জনপথ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-২৩

৩৬ বিবিধ-৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের ভিতরের সাউন্ড সিস্টেমের লাইন ওয়্যারিংকরণ। | ২৩,৫৫৫/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২৩,৫৫৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | আইএসএসবি গেইট হতে স্ট্রীট লাইটের পোল উঠানো, স্থানান্তর, তার টানা ও নতুন একটি পোল স্থাপন কাজ। | ২৭,৯৫০/- টাকা | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২৭,৯৫০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২৬/ডি-১১ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রংকরণ। | ৩৩,৮২৩/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৩৩,৮২৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২৬/ডি-৫ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রংকরণ। | ৩২,৭২০/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৩২,৭২০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৫) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৫/ডি-৭ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রংকরণ। | ৪৬,৪৩৮/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৪৬,৪৩৮/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৬) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২৬/ডি-১৩ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রংকরণ। | ৪১,৫৬১/- টাকা | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন | ৪১,৫৬১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৭) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪৮/এ নং স্টাফ কোয়ার্টারের ২টি বিল্ডিং এর বাহির সাইডে ওয়েদার কোট রংকরণ। | ২,০০,০০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২,০০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৮) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪/এফ (২য় তলা) নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রংকরণ। | ৭০,৭২৯/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৭০,৭২৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৯) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের প্রধান শিক্ষকের রুম ও কম্পিউটার ল্যাবে টাইলস্ স্থাপন, মেরামত ও রংকরণ কাজ। | ১,৬২,৪৯৬/- টাকা | মেসার্স সফিক ট্রেডিং কর্পোরেশন | ১,৬২,৪৯৬/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (১০) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাহির সাইড ওয়েদারকোট রংকরণ। | ১,৯৪,৫১০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৯৪,৫১০/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (১১) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ১০,১৪,৭৭১/- টাকা | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ১০,৪০,১৪০/২৭ টাকা | অনুদান |
| (১২) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের প্রবেশ রাস্তা নির্মাণ। | ৫,২১,৪২৮/- টাকা | মেসার্স এম আর ট্রেড লিংক | ৫,২১,৪২৮/- টাকা | অনুদান |
| (১৩) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৪ নং প্লটের পশ্চিম পার্শ্বে সার্ফেস ড্রেন এবং পিছনে আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ১,৯৩,০৩৪/- টাকা | মেসার্স এম আর ট্রেড লিংক | ১,৯৩,০৩৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৪) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৪ নং প্লটের বাহির পার্শ্ব মেরামত ও সাজসজ্জাকরণ। | ১,১১,৫৩০/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ১,১১,৫৩০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৫) | মুসলিম মডার্ণ একাডেমী সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের ২য় শ্রেণীর বাসস্থানের নিচতলার উপর ২য় তলা (১X৩) ইউনিট বাসস্থান নির্মাণের আর্কিটেচারাল ও স্ট্রাকচারাল ড্রয়িং ডিজাইন প্রস্তুতকরণ। | - | ইউনিক কনসালটিং সার্ভিসেস | ২০,০০০/- টাকা | অনুদান (প্রজেক্টের জন্য বরাদ্দকৃত) |
| (১৬) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৫২/এ নং প্লটে ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টারের বিদ্যমান ৩য় তলার উপর ৪র্থ তলা (১X৪) ইউনিট বাসস্থান নির্মাণের আর্কিটেচারাল ও স্ট্রাকচারাল ড্রয়িং ডিজাইন প্রস্তুতকরণ। | - | ইউনিক কনসালটিং সার্ভিসেস | ২০,০০০/- টাকা | অনুদান (প্রজেক্টের জন্য বরাদ্দকৃত) |

চলমান পাতা-২৪

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১৭) | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩২ হতে প্লট নং ৬৯৮ পর্যন্ত রাস্তায় বালু/মাটি ভরাটসহ ইটের সলিং কাজ। | ৮০,৩০৫/- টাকা | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন | ৮৩,৯১৮/৭২ টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৮) | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে ১৪টি স্পীড ব্রেকার নির্মাণ কাজ। | ৭৮,৪০৪/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ৭৮,৪০৪/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৯) | রজনীগন্ধা সুপার মার্কেটের বহুতল বিশিষ্ট আধুনিক শপিং/অফিস কমপ্লেক্স নির্মাণের নিমিত্তে ডিজিটাল সার্ভে এবং কনসালটেন্ট নিয়োগ। | - | ইঞ্জিনিয়ারিং ট্রেনিং এন্ড কনসালটেন্ট | ১,১৫,০০০/- টাকা | বোর্ড ফান্ড |
| (২০) | মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ইলেক্ট্রো ম্যাকানিক্যাল ডিজাইন এবং ড্রয়িং এর জন্য কনসালটেন্ট নিয়োগ। | - | ইউনিক কনসালটিং সার্ভিসেস | ৪,৭৫,০০০/- টাকা | মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস ইজারার সালামী বাবদ প্রাপ্ত অর্থ |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|
| ১ | ২৩,৫৫৫/- টাকা | |
| ২ | ২৭,৯৫০/- টাকা | |
| ৩ | ৩৩,৮২৩/- টাকা | |
| ৪ | ৩২,৭২০/- টাকা | |
| ৫ | ৪৬,৪৩৮/- টাকা | |
| ৬ | ৪১,৫৬১/- টাকা | |
| ৭ | ২,০০,০০০/- টাকা | |
| ৮ | ৭০,৭২৯/- টাকা | |
| ৯ | ১,৬২,৪৯৬/- টাকা | |
| ১০ | ১,৯৪,৫১০/- টাকা | |
| ১১ | ১০,৪০,১৪০/২৭ টাকা | |
| ১২ | ৫,২১,৪২৮/- টাকা | |
| ১৩ | ১,৯৩,০৩৪/- টাকা | |
| ১৪ | ১,১১,৫৩০/- টাকা | |
| ১৫ | ২০,০০০/- টাকা | |
| ১৬ | ২০,০০০/- টাকা | |
| ১৭ | ৮৩,৯১৮/৭২ টাকা | |
| ১৮ | ৭৮,৪০৪/- টাকা | |
| ১৯ | ১,১৫,০০০/- টাকা | |
| ২০ | ৪,৭৫,০০০/- টাকা | |

ক্রমিক নং-১ হতে ৮ এবং ১৩, ১৪, ১৫ ও ১৬ বর্ণিত কাজগুলোর কার্যাদেশ প্রদানপূর্বক কাজগুলি সম্পন্ন করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলোর ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

৩৬ বিবিধ-৬ ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৮৩ নং বাড়ীর ছাদে মোবাইল ফোনের টাওয়ার স্থাপনের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা সংলগ্ন কচুক্ষেত এলাকাস্থিত সিবি-২৮৩ নং বাড়ীর মালিক এম এ রশিদ। উক্ত বাড়ীর ছাদে বাংলালিংক মোবাইল কোম্পানীর টাওয়ার বসানোর জন্য তিনি ৭/৪/২০১১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিষয়টি বিবেচনা করা গেল না।

চলমান পাতা-২৫

৩৬ বিবিধ-৭ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে মক্তব চালু করণের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে মক্তব চালু করার জন্য লেঃ কর্ণেল (অবঃ) সানাউল্লাহ সহ আরো বেশ কয়েকজন এলাকাবাসী গত ৩০ এপ্রিল, ২০১১ তারিখে আবেদন করেন। বিষয়টির উপর সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৩৬ বিবিধ-৮ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত কলেজ ও বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের নিকট হতে বাৎসরিক ২০০/- (দুইশত) টাকা হারে আইটি চার্জ আদায় প্রসংগে।

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত স্কুল ও কলেজে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের শ্রেণী কার্যক্রম যুগোপযোগী ও ডিজিটাল প্রোগ্রামের আওতায় আনার জন্য প্রতি বছর শিশু হতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত সকল ছাত্র-ছাত্রীদের নিকট হতে ২০০/- (দুই শত) টাকা হারে আইটি চার্জ আদায় করার জন্য গত ০৫ মে, ২০১১ তারিখে শরক্যাস/আইটি/১ নং পত্রের মাধ্যমে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সম্মতিক্রমে একটি প্রস্তাব প্রেরণ করেন। বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে উক্ত চার্জ আদায় করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত কলেজ ও বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের নিকট হতে বাৎসরিক ২০০/- (দুইশত) টাকা হারে আইটি চার্জ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৬ বিবিধ-৯ ঃ ট্রাষ্ট ব্যাংক লিঃ ও ইস্টার্ণ ব্যাংক লিঃ কর্তৃক এটিএম বুথ স্থাপনের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ ট্রাস্ট ব্যাংক লিঃ কর্তৃক সিরাজ-খালেদা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল সংলগ্ন খালী জায়গায় ০১ টি এটিএম বুথ স্থাপনের জন্য ১০/৪/২০১ তারিখ এবং ইস্টার্ণ ব্যাংক লি কর্তৃক বারিধারা ডিওএইচএস অনন্যা শপিং কমপ্লেক্স সংলগ্ন ০১ টি ও রজনীগন্ধা সুপার মার্কেটের খালী জায়গায় ০১ টিসহ মোট ০২ টি এটিএম বুথ স্থাপনের জন্য ১১/১০/২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে ইতোপূর্বে বোর্ডসভায় অনুমোদিত নীতিমালা অনুযায়ী এটিএম বুথ স্থাপনের অনুমোদন প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে ট্রাষ্ট ব্যাংক লিঃ ও ইস্টার্ণ ব্যাংক লিঃ-কে এটিএম বুথ স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) ক্যান্টনমেন্ট বোর্ডে ২৫,০০০/- (পঁচিশ) টাকা পরিশোধ করে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে, যা প্রতি বছর নবায়নযোগ্য।

(২) সংশ্লিষ্ট ব্যাংকের নিজ খরচে এটিএম বুথ স্থাপন করতে হবে। তবে ক্যান্টনমেন্ট বোর্ড হতে বুথ স্থাপনের নকশা অনুমোদন করিয়ে নিতে হবে।

(৩) ট্রাষ্ট ব্যাংক এর জন্য শুধু মাত্র সেনানিবাস এলাকায় (ডিওএইচএস ব্যতীত) জমির ভাড়া পরিশোধ করতে হবে না। অন্যান্য ক্ষেত্রে সকল ব্যাংকের জন্য প্রতি বর্গফুট জমির জন্য মাসিক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে ভাড়া পরিশোধ করতে হবে।

৩৬ বিবিধ-১০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার তালিকাভুক্তি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ঠিকাদার তালিকাভুক্তির জন্য ২৪টি আবেদনপত্র পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ এমইএস এর আদলে ঠিকাদার তালিকাভুক্তি নীতিমালা হালনাগাদ করণসহ প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | নির্বাহী প্রকৌশলী<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | সহকারী সচিব<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

চলমান পাতা-২৬

৩৬ বিবিধ-১১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বনানী ডিওএইচএস এলাকার ২ নং রোড সম্প্রসারণ এবং উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ২০,৪[illegible],৪৩৪/- টাকা | সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণ এবং রাস্তার ক্ষতিপূরণের জন্য জমাকৃত অর্থ ও বোর্ড তহবিল |
| (২) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপের পাকা রাস্তা হতে পূর্ব দিকে ওয়াসার পানির পাম্প পর্যন্ত ৬০' - ০" চওড়া রাস্তার উভয় পার্শ্বে মাটি ভরাট, ঘাস লাগানো ও পাইপ পরিষ্কার করণ কাজ। | ৩,৩[illegible],০৯১/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৩) | মিরপুর ডিওএইচএস এলাকার কার্পেটিং রাস্তার উভয় পার্শ্বে (রোড নং-১) ঘাস লাগানো, মাটি খনন ও আরসিসি পাইপ পরিষ্কারকরণ। | ৫[illegible],৭৫৩/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৪) | মিরপুর ডিওএইচএস এলাকার কার্পেটিং রাস্তার উভয় পার্শ্বে (রোড নং-২ ও ৭) ঘাস লাগানো, মাটি খনন ও আরসিসি পাইপ পরিষ্কারকরণ। | ৪[illegible],৯২৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৫) | মিরপুর ডিওএইচএস এলাকার কার্পেটিং রাস্তার উভয় পার্শ্বে (রোড নং-৩ ও ৮) ঘাস লাগানো, মাটি খনন ও আরসিসি পাইপ পরিষ্কারকরণ। | ৫[illegible],৬৬৩/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৬) | মিরপুর ডিওএইচএস এলাকার কার্পেটিং রাস্তার উভয় পার্শ্বে (রোড নং-৪ ও ৯) ঘাস লাগানো, মাটি খনন ও আরসিসি পাইপ পরিষ্কারকরণ। | ৫[illegible],৬৬৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৭) | মিরপুর ডিওএইচএস এলাকার কার্পেটিং রাস্তার উভয় পার্শ্বে (রোড নং-৫ ও ১০) ঘাস লাগানো, মাটি খনন ও আরসিসি পাইপ পরিষ্কারকরণ। | ৫[illegible],৬৬৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৮) | মিরপুর ডিওএইচএস এলাকার কার্পেটিং রাস্তার উভয় পার্শ্বে (রোড নং-১২) ঘাস লাগানো, মাটি খনন ও আরসিসি পাইপ পরিষ্কারকরণ। | ৪[illegible],৮৩১/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৯) | মিরপুর ডিওএইচএস জামে মসজিদের টিন শেড উভয় পার্শ্বে বর্ধিত করণ। | ৫,৫[illegible],৫০৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১০) | বীর বিক্রম জেনারেল মোস্তাফিজ সরণির পশ্চিম পার্শ্বে সিএমটিডি সংলগ্ন পুকুরের প্যালাসাইডিংকরণ। | ৮,২[illegible],০০০/- টাকা | বোর্ড ফান্ড |
| (১১) | বীর বিক্রম জেনারেল মোস্তাফিজ সরণির পশ্চিম পার্শ্বে সিএমটিডি সংলগ্ন পুকুরের পূর্ব পার্শ্বে এসএস পাইপের রেলিং ও বেঞ্চ নির্মাণ। | ৪,৬[illegible],৬৩৩/- টাকা | বোর্ড ফান্ড |
| (১২) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণি (শহীদ জাহাঙ্গীর গেইটের দক্ষিণে) ডিভাইডার, রেলিং, সাইনবোর্ড, রডের জালি, বিউটি স্পট মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৭[illegible],০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৩) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের রেভিনিউ অফিসার, এ্যাকাউন্টস অফিসার, কঞ্জারভেন্সী অফিসার ও সহকারী সচিব এর রুমের ফ্লোরে টাইলস্ স্থাপন কাজ। | ১,২[illegible],৩২২/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৪) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কক্ষে ২ টন ক্ষমতা সম্পন্ন একটি স্প্লিট এসি সরবরাহ ও স্থাপন। | ১,০[illegible],০০০/- টাকা (বাজার দর) | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঙ-২-খ) |
| (১৫) | শহীদ জাহাঙ্গীর গেইটের দক্ষিণে সেনানিবাস প্রবেশ লেনে পাকা রোড ডিভাইডার নির্মাণ। | ৩,৫[illegible],৩১৮/- টাকা | বোর্ড ফান্ড |
| (১৬) | মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপে ৫৫১ ও ৫৫৩ প্লটে নির্মিত ২য় মসজিদের সিঁড়ি, পানি ও বিদ্যুত সরবরাহের কাজ। | ৩,০[illegible],৩১২/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৭) | মিরপুর ডিওএইচএস এলাকার ২৮ ও ২৯ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং মেরামতকরণসহ ড্রামশীট দ্বারা প্যালাসাইডিংকরণ। | ১১,৪[illegible],৬২৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৮) | শহীদ সরণি সংলগ্ন সিএসডি পার্কিং এর বাহির রাস্তার টার্নিং সম্প্রসারণ, রোড ডিভাইডার ও বোর্ড স্থাপন কাজ। | ৬[illegible],২৩৮/- টাকা | বোর্ড ফান্ড |
| (১৯) | মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের ৫৯৫ ও ৫৯৬ নং প্লটের পার্শ্বে খালি জায়গা ভরাটকরণ। | ৩,৮[illegible],৫৪২/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ১৮ (আঠার) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং- ১২, ১৩ ও ১৪ এ বর্ণিত কাজের জন্য দরপত্র/কোটেশন আহবান করে সংশ্লিষ্ট খাতে অর্থ থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-২৭

৩৬ বিবিধ-১২ ঃ সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫০তম সভার কার্যবিবরণী অবহিতকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫০তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য বোর্ডসভার অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বোর্ড সংশ্লিষ্ট অংশের কার্যক্রম গ্রহণ করা হোক।

৩৬ বিবিধ-১৩ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের হকার হার্ডস্ট্যান্ড প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্টান্ডে মোট ১৮৭টি ভিটি রয়েছে। উক্ত ভিটিসমূহ ০১/৭/২০১০ হতে ৩০/৬/২০১১ পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ১৫,২৫,০০০/- টাকায় ইজারা প্রদান করা হয়েছিল। আগামী ৩০ জুন, ২০১১ তারিখে উক্ত ইজারার মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে। বিস্তারিত আলোচনান্তে উক্ত হার্ডস্ট্যান্ড ইজারার জন্য বহুল প্রচারিত দৈনিক পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বহুল প্রচারিত দৈনিক পত্রিকা ও স্থানীয়ভাবে দরপত্র আহ্বান করে ইজারা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৬ বিবিধ-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (১) মিসেস ফিরোজা বেগম<br>(২) ফয়সাল আর সেতার উদ্দিন<br>(৩) মিসেস তাসনিম সাইফ | ৫৩/এ | বনানী ডিওএইচএস | বেজমেন্টসহ সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে নতুন ৬ তলা ভবন নির্মাণ) |
| (২) | পি নং-৩৯৪ কমান্ডার এম এ হাই ভূঞা (অবঃ) | ৬৪৩ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন)<br>২৮/৫/০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪(৩৩) এর মাধ্যমে ৬৪১ এবং ৬৪৩ নং প্লটে যৌথভাবে বাড়ী নির্মাণের নকশা অনুমোদন করা হয় এবং ডেভলোপার (এসডি প্রপার্টিজ) এর মাধ্যমে বাড়ী নির্মাণের জন্য চুক্তি করা হয়। |
| (৩) | বিএসএস-১২০৬ মেজর মোঃ হাবিবুর রহমান | ১৯৮ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন<br>২৯/৩/০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪(১১) এর মাধ্যমে ১৫৮, ১৫৯, ১৯৮ এবং ২০০ নং প্লটে যৌথভাবে বাড়ী নির্মাণের নকশা অনুমোদন করা হয় এবং ডেভলোপার (এসডি প্রপার্টিজ) কর্তৃক বাড়ী নির্মাণ কাজ শুরু করা হয়। |
| | বিএসএস-১২০১ মেজর (অবঃ) মীর কাশেম মিঞা | ২০০ | | |
| (৪) | বিএ-২০৪৪ কর্ণেল মোঃ জহিরুল হক ভূঁইয়া | ৭৭৮ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৫) | পি নং-৮১৪ লেঃ কমান্ডার মাকসুদুর রহমান (অবঃ) | ৩১৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ<br>২৮/৫/২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪(৪) এর মাধ্যমে ৩১৭ নং প্লটে বাড়ী নির্মাণের নকশা অনুমোদন করা হয় এবং ডেভলোপার (এসডি প্রপার্টিজ এর সাথে বাড়ী নির্মাণের জন্য চুক্তি করা হয়। |
| (৬) | বিএ-৮৮৯ ব্রিগেঃ জেনাঃ আশফাক আহমেদ চৌধুরী | ২৩৩ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৫(পাঁচ) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৭) | বিএ-১০০১৬৯ ব্রিগেঃ জেনাঃ মোঃ নূরুল ইসলাম (অবঃ) | ৪০২ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ ব্যতীত অবশিষ্ট ০৬(ছয়)টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। নকশাগুলো অনুমোদন করা যেতে পারে। তবে ক্রমিক নং-২, ৩ ও ৫ এ উল্লেখিত নকশাগুলোর ক্ষেত্রে চুক্তিবদ্ধ ডেভলোপারকে অবহিত করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। মামলা থাকলে মামলার রায় অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং- ৪, ৬ ও ৭ এ উল্লেখিত ৪টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্রমিক নং-২, ৩ ও ৫ এর ক্ষেত্রে চুক্তিবদ্ধ ডেভলোপারকে অবহিত করে নকশা অনুমোদন করা যেতে পারে এবং ক্রমিক নং-১ এ উল্লেখিত বেজমেন্টসহ নকশাটি আপাততঃ অনুমোদন করা গেল না। কোন মামলা থাকলে মামলার রায় অনুযায়ী কার্যক্রম গৃহীত হবে। তৎপূর্বে যৌথভাবে অনুমোদিত নকশাগুলো তাদের যৌথ আবেদনের পর বাতিল করা হোক।

চলমান পাতা-২৮

৩৬ বিবিধ-১৫ ঃ মিরপুর ডিওএইচএস পরিষদ এর ০৫ মে, ২০১১ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর/১ নং পত্রের উপর আলোচনা।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর উপরোক্ত পত্রের মাধ্যমে জানানো হয় উক্ত এলাকায় প্লট মালিক ও ভাড়াটিয়াদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ময়লা-আবর্জনাও বৃদ্ধি পেয়েছে। উক্ত কাজের জন্য বর্তমানে নিয়োজিত একটি ভ্যান গাড়ী প্রয়োজনের তুলনায় অপ্রতুল বিধায় আরো একটি নতুন ভ্যান গাড়ী ও ০২ জন পরিচ্ছন্ন কর্মী নিয়োগের জন্য অনুরোধ জানানো হয়েছে। বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এলাকায় একটি নতুন ভ্যান গাড়ী ও ০২ জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ময়লা-আবর্জনা সংগ্রহের জন্য একটি নতুন ভ্যান গাড়ী সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে পরিচ্ছন্নতা কর্মী ডিওএইচএস পরিষদ কর্তৃক নিয়োগ করতে হবে।

৩৬ বিবিধ-১৬ ঃ অনন্যা শপিং কমপ্লেক্স এলাকায় পার্কিং এরিয়া উন্নয়ন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সেনাকল্যাণ সংস্থা হতে নিজ খরচে পার্কিং এরিয়ায় হার্ডস্ট্যান্ড করার জন্য প্রস্তাব দেয়া হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে অনুমোদন দেয়া যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ অনন্যা শপিং কমপ্লেক্স এলাকায় সেনাকল্যাণ সংস্থার নিজ খরচে পার্কিং এরিয়া উন্নয়নের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভবিষ্যতে কোন ক্রমেই জমির মালিকানা দাবী করা যাবে না।

৩৬ বিবিধ-১৭ ঃ শহীদ সরণির সেনা সদর ও আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখে স্থানান্তরযোগ্য রোড ব্যারিয়ার স্থাপন এবং সিএসডি'র সম্মুখে বিদ্যমান ব্যরিয়ারের ২টির সংগে আরো একটি জিআই পাইপ স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উর্ধ্বতন সামরিক কর্তৃপক্ষের পরামর্শে আর্মি এমপি ইউনিট কর্তৃক শহীদ সরণির সেনা সদর ও আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখে স্থানান্তরযোগ্য রোড ব্যারিয়ার স্থাপন এবং সিএসডি'র সম্মুখে বিদ্যমান ব্যরিয়ারের ২টির সংগে আরো একটি জিআই পাইপ স্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য যে, উক্ত কাজের জন্য ১০,৯৯,৮৪০/- টাকা ব্যয় হতে পারে।

সিদ্ধান্ত ঃ শহীদ সরণির সেনা সদর ও আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখে স্থানান্তরযোগ্য রোড ব্যারিয়ার স্থাপন এবং সিএসডি'র সম্মুখে বিদ্যমান ব্যরিয়ারের ২টির সংগে আরো একটি জিআই পাইপ স্থাপনের জন্য ১০,৯৯,৮৪০/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৬বিবিধ-১৮ ঃ গত ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৮ বিবিধ(৬) এর অনুবৃত্তিক্রমে মহাখালী ডিওএইচএস এলাকার পানির সংকট দূরীকরণের জন্য ঢাকা ওয়াসাকে ৩০´ - ০´´ X ৩০´ - ০´´ জায়গা বুঝিয়ে দেয়া প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকার পানির সংকট দূরীকরণের জন্য নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৫ ঢাকা ওয়াসা কর্তৃক মহাখালী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড সংলগ্ন পার্কের ভিতরে ৩০´-০´´×৩০´-০´´ জায়গা ঢাকা ওয়াসাকে প্রদানের জন্য অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত বিষয়ে সদয় সিদ্ধান্তের জন্য ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৮ বিবিধ-৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মহাখালী ডিওএইচএস পরিষদ এর সাথে আলোচনা করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পরবর্তী মিটিংয়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২৮ এপ্রিল, ২০১১ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৩১৬/৪৪ নং পত্রের মাধ্যমে মহাখালী ডিওএইচএস পরিষদের মতামত চাওয়া হয়। মহাখালী ডিওএইচএস পরিষদের ০৮ মে, ২০১১ তারিখের ১১৭৮/ডিওএইচএস/১১ নং পত্রের মাধ্যমে নিম্নোক্ত মতামত পাওয়া যায় ঃ-

(ক) বর্তমানে বিআইএস স্কুলের সামনে ওয়াসার খালি জায়াগায় পাম্প বসানো যেতে পারে। যেমন করে ১৯/বি ও সি সড়কের শেষ মাথায় পুকুরের কোনায় স্থাপিত পাম্প হাউজে নতুন করে পাম্প বসানো হচ্ছে।

(খ) লেকের দক্ষিণ পশ্চিমে অথবা উত্তর পশ্চিমে খালি জায়গায় ৩০´-০´´×৩০´-০´´ আয়তনের পাম্প হাউজ নির্মাণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস লেকের দক্ষিণ পশ্চিমে ৯০০ বর্গফুট খালি জায়গায় ওয়াসার পাম্প হাউজ নির্মাণ করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-২৯

৩৬। বিবিধ-১৯ ঃ **ডিওএইচএসসমূহের পয়েন্ট ঃ**

**বনানী ডিওএইচএস ঃ**

আলোচনা-১ ঃ বনানী ডিওএইচএস এর প্রবেশ গেইট নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা।

সিদ্ধান্ত ঃ বনানী ডিওএইচএস পরিষদ হতে তাঁদের আর্কিটেক্ট কর্তৃক প্রস্তুতকৃত নকশা অত্র দপ্তরের হস্তগত হয়নি। ডিজাইন পাওয়া গেলে ৩০ জুন, ২০১১ এর মধ্যে কাজ শেষ করা যাবে।

আলোচনা-২ ঃ বনানী ডিওএইচএস এর পূর্ব-পশ্চিম বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ কাঁটা তার স্থাপন প্রসংগে।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে ২০১১-১২ আর্থিক সালের বাজেটে অন্তর্ভুক্ত করা হোক।

আলোচনা-৩ ঃ বনানী ডিওএইচএস এর পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল সংলগ্ন বস্তি উচ্ছেদ প্রসংগে।

সিদ্ধান্ত ঃ এ ব্যাপারে রেলওয়ে কর্তৃপক্ষকে পত্র প্রদান করা হোক।

**মহাখালী ডিওএইচএস ঃ**

আলোচনা-১ ঃ বনানী ডিওএইচএস এলাকার বেওয়ারিশ কুকুরের সংখ্যা আশংকাজনক হারে বৃদ্ধি পেয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক উক্ত এলাকায় কুকুর নিধন জোরদার করা হোক।

আলোচনা-২ ঃ মহাখালী ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বের দেয়াল উঁচুকরণসহ কাটা তার স্থাপন প্রসংগে।

সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে ২০১১-১২ আর্থিক সালের বাজেটে অন্তর্ভুক্ত করা হোক।

আলোচনা-৩ ঃ তিতাস গ্যাস কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত প্রসংগে।

সিদ্ধান্ত ঃ জরুরী ভিত্তিতে মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হোক।

**বারিধারা ডিওএইচএস ঃ**

আলোচনা ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় শিশুদের জন্য (১) ইনডোর স্যুইমিং পোল নির্মাণ, (২) সিকিউরিটি ব্যারাক বর্ধিত করণ, (৩) বাউন্ডারী ওয়াল উঁচুকরণ/নির্মাণের বিষয়ে সভায় উপস্থিত বারিধারা ডিওএইচএস পরিষদের জয়েন্ট সেক্রেটারী কর্ণেল মোঃ শামসুল ইসলাম (অবঃ) ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ (১) স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হলে বিবেচনা করা যেতে পারে।
(২) মূল্যানুমান প্রস্তুত করে ২০১১-১২ আর্থিক সালের বাজেটে অন্তর্ভুক্ত করা হোক।
(৩) মূল্যানুমান প্রস্তুত করে ২০১১-১২ আর্থিক সালের বাজেটে অন্তর্ভুক্ত করা হোক।

**মিরপুর ডিওএইচএস ঃ**

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস এর সিকিউরিটি ব্যারাক এবং মসজিদের কাজ শুরুকরণ প্রসংগে।

সিদ্ধান্ত ঃ জরুরী ভিত্তিতে ডিজাইন ড্রয়িং প্রস্তুত করে বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ নাজমুছ সাদাত সেলিম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।